আল কুরআন

অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি

অতঃপর ঈসা (আঃ) যখন বণী ইসরায়ীলের কুফরী সম্পর্কে উপলব্ধি করতে পারলেন, তখন বললেন, কারা আছে আল্লাহর পথে আমাকে সাহায্য করবে?

সূরা আল ইমরান ৫২

দৈনিক

কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ॥ বৃহস্পতিবার ॥ ০৯ জুলাই ২০২৬ ॥ ২৪ মহররম ১৪৪৮ ॥ ২৪ আষাঢ় ১৪৩৩ ॥ ৯ম বর্ষ ॥ ৩৮ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা

সরকারি স্কুলের এক কোটি ২০ লাখ শিক্ষার্থীকে প্রধানমন্ত্রীর সুখবর

কীর্তনখোলা ডেস্ক

দেশের সরকারি বিদ্যালয়ের এক কোটি ২০ লাখ শিক্ষার্থীর জন্য স্কুল ড্রেস ও স্কুল ব্যাগ বিতরণের ঘোষণা দিয়েছেন প্রধানমন্ত্রী ২ এর পাতায় দেখুন

গুরুত্বপূর্ণ ব্যক্তিদের নামে ১৩৭ ভুয়া ফেসবুক অ্যাকাউন্ট চিহ্নিত

কীর্তনখোলা ডেস্ক

গুরুত্বপূর্ণ ব্যক্তিদের নাম-পরিচয় ব্যবহার করে পরিচালিত ১৩৭টি ভুয়া ফেসবুক অ্যাকাউন্ট, পেজ ও গ্রুপ চিহ্নিত করেছে সরকার। ২ এর পাতায় দেখুন

ষড়যন্ত্র করে ভোটে হারানো হয়েছে, অন্তর্বর্তী সরকারও জড়িত ছিল

কীর্তনখোলা ডেস্ক

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে ষড়যন্ত্র করে ১১ দলীয় জোটকে হারানো হয়েছে বলে দাবি করেছেন বিরোধীদলীয় নেতা ও জামায়াতে ২ এর পাতায় দেখুন

টকশোসহ বিভিন্ন মাধ্যমে জুলাইবিরোধী অবস্থান নেওয়া হচ্ছে

কীর্তনখোলা ডেস্ক

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) সদস্যসচিব আখতার হোসেন বলেছেন, জুলাই গণঅভ্যুত্থানের চেতনার ২ এর পাতায় দেখুন

‘জুলাই বিরোধী’ আখ্যা

বরিশালে স্বাস্থ্য পরিচালককে বের করে দিয়ে কক্ষে তালা

কীর্তনখোলা রিপোর্ট

‘জুলাই বিরোধী’ আখ্যা দিয়ে বরিশাল বিভাগীয় স্বাস্থ্য পরিচালক ডা. এসএম মনিরুজ্জামান শাহীনকে তার কক্ষ থেকে বের করে তালা দিয়েছেন বরিশাল শের-ই বাংলা মেডিকেল কলেজের শিক্ষার্থীরা। বুধবার (৮ জুলাই) দুপুর আড়াইটার দিকে এ ঘটনা ঘটে। প্রত্যক্ষদর্শীরা জানান, রোববার (৫ জুলাই) ডা. এস এম মনিরুজ্জামান শাহীনকে বরিশাল বিভাগীয় স্বাস্থ্য পরিচালক হিসেবে পদায়ন করা হয়। মঙ্গলবার (৭ জুলাই) সকাল সাড়ে ৯টার দিকে তিনি নতুন কর্মস্থলে যোগ দেন। প্রায় এক ঘণ্টা কার্যালয়ে অবস্থান করার পর তিনি বেরিয়ে যান। এর কিছুক্ষণ পর জুলাই আন্দোলনকারী পরিচয় দিয়ে কয়েকজন শিক্ষার্থী সেখানে এসে পরিচালকের কক্ষে তালা ঝুলিয়ে দেন এবং স্বাস্থ্য পরিচালকের কার্যালয়ের সামনে বিক্ষোভ করেন। এ অবস্থায় বুধবার সকাল সাড়ে ১০টার দিকে দপ্তরে আসেন এস এম মনিরুজ্জামান। বেলা সাড়ে ১১টার দিকে ড্যাবের বরিশাল শের-ই বাংলা মেডিকেল কলেজ শাখার সভাপতি ডা. নজরুল ইসলাম সেলিমসহ শিক্ষার্থীরা তার কক্ষে প্রবেশ করেন। তারা পরিচালককে কক্ষ থেকে বের হয়ে যাওয়ার জন্য বলেন। কিন্তু পরিচালক কক্ষ ত্যাগ করতে রাজি হননি। এ নিয়ে দীর্ঘক্ষণ দুই পক্ষের মধ্যে তর্ক-বিতর্ক হয়। একপর্যায়ে আরও শিক্ষার্থী সেখানে এলে তাদের দাবির পরিপ্রেক্ষিতে দুপুর ২টা ২০ মিনিটে কক্ষ থেকে পরিচালককে বের করে দিয়ে তালা ঝুলিয়ে দেওয়া হয়। এ বিষয়ে শের-ই বাংলা মেডিকেল কলেজ শাখার সভাপতি ডা. নজরুল ইসলাম সেলিম বলেন, ‘স্বৈরাচার আওয়ামী লীগের আমলে নানাভাবে আমাদের পদোন্নতি আটকে দেওয়া হয়েছিলে। কিন্তু সেসময়ও সব সুযোগ-সুবিধা পেয়েছেন মনিরুজ্জামান। এখনো আবার তারাই সব সুযোগ-সুবিধায় এগিয়ে রয়েছেন।’ মেডিকেল কলেজের শিক্ষার্থী জোনায়েদ ইসলাম বললেন, ‘জুলাই আন্দোলনের সময় মনিরুজ্জামান শাহীন আন্দোলনকারীদের তালিকা করে ২ এর পাতায় দেখুন

হামের উপসর্গে আরও তিন শিশুর মৃত্যু, মোট মৃত্যু ৭৪৫

কীর্তনখোলা ডেস্ক

হামের উপসর্গ নিয়ে সারাদেশে গত ২৪ ঘণ্টায় আরও ৩ জনের মৃত্যু হয়েছে। একই সঙ্গে নতুন করে আক্রান্ত হয়েছে ৯০২ জন। বুধবার (৮ জুলাই) স্বাস্থ্য অধিদপ্তরের হামবিষয়ক নিয়মিত প্রতিবেদনে এ তথ্য জানানো হয়। স্বাস্থ্য অধিদপ্তরের প্রতিবেদনে বলা হয়েছে, এ নিয়ে গত ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত হামের উপসর্গে মারা গেছে ৬৫২ শিশু। নিশ্চিত হামে মৃত্যু ৯৩ শিশুর। সব মিলিয়ে মৃত্যুর সংখ্যা ৭৪৫ জন। প্রতিবেদনে বলা হয়েছে, গত ২৪ ঘণ্টায় নিশ্চিত হামের রোগী শনাক্ত হয়েছে ১০৬ জন। ১৫ মার্চ থেকে এ পর্যন্ত দেশে মোট ১৩ হাজার ৭০ জনের শরীরে হাম শনাক্ত হয়েছে। গত ২৪ ঘণ্টায় সারাদেশে আরও ৭৯৬ জনের শরীরে হামের উপসর্গ দেখা দেওয়ার তথ্য পাওয়া গেছে। ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত হামের উপসর্গ দেখা দেওয়া রোগীর সংখ্যা ১ লাখ ৮ হাজার ১৮০ জন। ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত হামের উপসর্গ নিয়ে হাসপাতালে ভর্তি হয়েছে ৯১ হাজার ২৭০ জন। এর মধ্যে সুস্থ হয়ে হাসপাতাল ছেড়েছে ৮৭ হাজার ৬২৮ জন।

বরিশাল সিটি কর্পোরেশনের উদ্যোগে বিসিসি হকার্স মার্কেট-এর উদ্বোধন শেষে দোয়া-মোনাজাতে উপস্থিত প্রশাসক অ্যাডভোকেট বিলকিস আক্তার জাহান শিরীন -কীর্তনখোলা

চার দিনে বঙ্গোপসাগরে ৩টি ট্রলারডুবি, নিখোঁজ ১৩

পটুয়াখালী ও বরগুনা প্রতিনিধি

পটুয়াখালীর কুয়াকাটা-সংলগ্ন বঙ্গোপসাগরে নিম্নচাপ ও লঘুচাপের প্রভাবে ঝোড়ো হাওয়া এবং উত্তাল ঢেউয়ের তাণ্ডবে গত চার দিনে তিনটি মাছধরা ট্রলারডুবির ঘটনা ঘটেছে। এই ঘটনায় অন্তত ১৩ জেলে নিখোঁজ রয়েছেন। এ ছাড়া আরও অন্তত পাঁচটি ট্রলার ক্ষতিগ্রস্ত হয়েছে। বিষয়টি নিশ্চিত করেছেন মহিপুর মৎস্য আড়ত মালিক সমিতির ভারপ্রাপ্ত সভাপতি রাজু আহমেদ রাজা। রাজা জানান, গতকাল বুধবার বেলা ১টার দিকে চর বিজয়-সংলগ্ন বঙ্গোপসাগরে ছয় জেলে নিয়ে একটি মাছ ধরার ট্রলার ডুবে যায়। এই ঘটনায় ট্রলারের মালিক মাসুদ মাঝি উদ্ধার হলেও এখনো নিখোঁজ রয়েছেন পাঁচ জেলে। এ ছাড়া মঙ্গলবার রাত ৮টার দিকে ফকিরহাট মৎস্য অবতরণ কেন্দ্র-সংলগ্ন বঙ্গোপসাগরের প্রায় ৪০ কিলোমিটার দক্ষিণে দুটি মাছ ধরার ট্রলার ডুবে যায়। এই দুর্ঘটনায় এখন পর্যন্ত ১৬ জেলেকে জীবিত উদ্ধার করা হলেও দুজন নিখোঁজ রয়েছেন। নিখোঁজ জেলেরা হলেন কালাম পাইকার ও শহীদ। তাঁরা দুজনই তালতলী উপজেলার সোনাকাটা ইউনিয়নের বাসিন্দা। উদ্ধার হওয়া জেলেদের ভাষ্য, সকালে তালতলী উপজেলার ফকিরহাট মৎস্য অবতরণ কেন্দ্র থেকে দুটি মাছ ধরার ট্রলার ২ এর পাতায় দেখুন

মালয়েশিয়ায় কর্মী পাঠানো নিয়ে সতর্কবার্তা

কীর্তনখোলা ডেস্ক

মালয়েশিয়ায় কর্মী পাঠানোর বিষয়ে সরকারি ঘোষণা না আসা পর্যন্ত কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের সঙ্গে যোগাযোগ কিংবা আর্থিক লেনদেন না করার জন্য সতর্ক করেছে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়। একই সঙ্গে কর্মী পাঠানোর কার্যক্রম আনুষ্ঠানিকভাবে শুরু হওয়ার আগে কোনো ধরনের মেডিকেল পরীক্ষা বা এ-সংক্রান্ত অর্থ লেনদেন থেকেও বিরত থাকার নির্দেশনা দেওয়া হয়েছে। আজ বুধবার মন্ত্রণালয় এক জরুরি সতর্কতামূলক বিজ্ঞপ্তিতে এ নির্দেশনা জারি করা হয়েছে। বিজ্ঞপ্তিতে বলা হয়, মালয়েশিয়ায় কর্মী পাঠানোর বিষয়ে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় থেকে আনুষ্ঠানিক বিজ্ঞপ্তি প্রকাশের আগে কোনো ব্যক্তি ২ এর পাতায় দেখুন

বরিশালে তারেক রহমানের আগমন উপলক্ষ্যে মহানগর বিএনপির প্রস্তুতিসভায় বক্তৃতা করেন দলের বিভাগীয় সহ-সাংগঠনিক সম্পাদক আকন কুদ্দুসুর রহমান -কীর্তনখোলা

ঘুষের বিনিময়ে বদলির অডিও ফাঁস ঝালকাঠির নতুন এসপিকে তলব

ঝালকাঠি প্রতিনিধি

দুই কোটি ১০ লাখ টাকা ঘুষের বিনিময়ে বদলির চুক্তি সংক্রান্ত একটি অডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়ার পর ঝালকাঠির পুলিশ সুপার (এসপি) মোহাম্মদ বদরুল আলম মোল্লাকে পুলিশ সদর দফতরে তলব করা হয়েছে। পুলিশ সদর দফতরের একটি সূত্র বুধবার (৮ জুলাই) বিষয়টি নিশ্চিত করেছে। সূত্রটি জানায়, ঝালকাঠির নতুন এসপি হিসেবে যোগদানের মাত্র চার ঘণ্টার মধ্যেই পুলিশ মহাপরিদর্শকের (আইজিপি) নির্দেশে তিনি ঢাকায় ফিরে যান। গত ৫ জুলাই স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের উপসচিব তৌছিফ আহমেদের সই করা এক ২ এর পাতায় দেখুন

সুপারিশ পর্যালোচনা করে আগামী নির্বাচনে সংস্কার অগ্রাধিকার দেবে ইসি

কীর্তনখোলা ডেস্ক

নির্বাচন পর্যবেক্ষণ সংক্রান্ত বিভিন্ন মহলের সুপারিশ পরীক্ষা-নিরীক্ষা ও আলোচনার মাধ্যমে স্বল্প ও দীর্ঘমেয়াদি পরিকল্পনা নেওয়া হবে বলে জানিয়েছেন নির্বাচন কমিশনার ব্রিগেডিয়ার জেনারেল (অব.) আবুল ফজল মো. সানাউল্লাহ। সব সুপারিশ পুঙ্খানুপুঙ্খভাবে পর্যালোচনা করে সামনের নির্বাচনগুলোতে সংস্কারে অগ্রাধিকার এবং তা বাস্তবায়নের সর্বোচ্চ চেষ্টা করা হবে বলেও জানান তিনি। বুধবার (৮ জুলাই) সকালে রাজধানীর একটি হোটেলে নির্বাচন পর্যবেক্ষণ সংক্রান্ত সুপারিশ, সংস্কারের অগ্রাধিকার এবং বাস্তবায়ন-সংক্রান্ত বিভিন্ন বিষয় নিয়ে আয়োজিত এক সংলাপের উদ্বোধন অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। ইউরোপিয়ান ২ এর পাতায় দেখুন

বরিশালে শিয়াল হত্যা করে ফেসবুকে মাংস বিক্রির বিজ্ঞাপন

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল নগরীতে বন্যপ্রাণী শিয়াল হত্যা করে ফেসবুকে মাংস বিক্রির বিজ্ঞাপন দেওয়ার অভিযোগ উঠেছে। মঙ্গলবার (৮ জুলাই) নগরীর ২৬ নম্বর ওয়ার্ডের ময়দানখোলা এলাকার একদল ব্যক্তির বিরুদ্ধে এ অভিযোগ ওঠে। এ ঘটনার পর স্থানীয় ২ এর পাতায় দেখুন

ভোলার ৬ রুটে সাময়িকভাবে লঞ্চ চলাচল স্থগিত

ভোলা প্রতিনিধি

বঙ্গোপসাগরে সৃষ্ট লঘুচাপের প্রভাবে দ্বীপ জেলা ভোলায় বৈরী আবহাওয়া বিরাজ করছে। টানা বৃষ্টি, দমকা হাওয়া ও অস্বাভাবিক জোয়ারের কারণে মেঘনা নদী উত্তাল হয়ে উঠেছে। ইতোমধ্যে তজুমদ্দিন পয়েন্টে নদীর পানি বিপৎসীমার ৭২ সেন্টিমিটার ওপর দিয়ে প্রবাহিত হওয়ায় উপকূলীয় এলাকার জনমনে তীব্র উদ্বেগ দেখা দিয়েছে। অন্যদিকে, সমুদ্রবন্দরে ৩ নম্বর স্থানীয় সতর্ক সংকেত এবং নৌবন্দরে ১ নম্বর সতর্ক সংকেত জারি থাকায় ভোলা-মনপুরা ও হাকিমুদ্দিনসহ জেলার ৬টি অভ্যন্তরীণ নৌরুটে যাত্রীবাহী ২ এর পাতায় দেখুন



ভুয়া সনদে খাস জমি দখল

চরফ্যাশন-মনপুরায় স্পিকার ও ভূমিমন্ত্রীর যৌথ সফরের ঘোষণা

কীর্তনখোলা ডেস্ক

দেশের চরাঞ্চলগুলোতে দীর্ঘদিনের ‘জোর যার মুল্লুক তার’ নীতি আর চলতে দেওয়া হবে না এবং ভূমি অফিসের অসাধু কর্মকর্তাদের যোগসাজশে ভুয়া সনদে বিত্তশালীদের খাস জমি হাতিয়ে নেওয়ার দিন শেষ হতে চলেছে। ভোলা-৪ (চরফ্যাশন-মনপুরা) আসনের সংসদ সদস্য মোহাম্মদ নূরুল ইসলামের উত্থাপিত জনগুরুত্বপূর্ণ নোটিশের জবাবে এই হুঁশিয়ারি দিয়েছেন ভূমিমন্ত্রী মিজানুর রহমান। একই সঙ্গে তিনি স্পিকারের নির্বাচনী এলাকার পাশেই অবস্থিত এই চরাঞ্চলের প্রকৃত চিত্র দেখতে ভূমিমন্ত্রী ও মন্ত্রণালয়ের উচ্চপদস্থ কর্মকর্তাদের নিয়ে খুব দ্রুত সরজমিন পরিদর্শনে যাওয়ার ঘোষণা দিয়েছেন। সংসদ সদস্যের প্রশ্নের জবাবে মন্ত্রী স্পষ্ট করেন যে, বর্তমান সরকারের অগ্রাধিকার পরিকল্পনায় খাস জমি চিহ্নিতকরণ ও অবৈধ দখলমুক্ত করার বিষয়টি অত্যন্ত গুরুত্বের সাথে ২ এর পাতায় দেখুন

বরিশালে ভুয়া বিলে সাড়ে ১৮ লাখ টাকা আত্মসাৎ, ৩ পুলিশ সদস্য সাময়িক বরখাস্ত

কীর্তনখোলা রিপোর্ট

অনুমোদন ছাড়াই ভুয়া বিল ভাউচার তৈরি করে টাকা উত্তোলনের অভিযোগে বরিশাল মেট্রোপলিটন পুলিশের (বিএমপি) তিন কনস্টেবলকে সাময়িক বরখাস্ত করা হয়েছে। বুধবার (৮ জুলাই) সকালে বরিশাল মেট্রোপলিটন পুলিশের উপকমিশনার (সদর দপ্তর) আব্দুল হান্নান এ তথ্য নিশ্চিত করেছেন। এর আগে গত সোমবার (৬ জুলাই) বিএমপি সদর দপ্তরের উপপুলিশ কমিশনার আব্দুল হান্নান এ সংক্রান্ত এক আদেশ জারি করেন। সাময়িক বরখাস্ত হওয়া পুলিশ সদস্যরা হলেন- বিএমপির হিসাব শাখায় কর্মরত কম্পিউটার অপারেটর কনস্টেবল মো. মারুফ হাসান, নন-গেজেটেড ভ্রমণ ব্যয় বিল শাখার কনস্টেবল জয়দেব কুমার ২ এর পাতায় দেখুন

দৈনিক কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **ঝালকাঠি জেলা:** নলছিটি, রাজাপুর, **পটুয়াখালী জেলা:** পটুয়াখালী, বাউফল, আমতলী, **ভোলা জেলা:** তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, **পিরোজপুর জেলা:** নাজিরপুর, নেছারাবাদ ও **বরিশাল জেলা:** উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আব্যশক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

–মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

সম্পাদকীয়

দুর্ভোগ কমাতে হবে

জাতীয় পরিচয়পত্র বা এনআইডি এখন নানা জরুরি কাজে ব্যবহৃত হয়। ব্যাংক অ্যাকাউন্ট খোলা, পাসপোর্ট তৈরি, জমি কেনাবেচা, সরকারি ভাতা গ্রহণ থেকে শুরু করে মোবাইল সিম কার্ড কেনা পর্যন্ত জীবনের প্রতিটি ক্ষেত্রে এনআইডি অপরিহার্য। কিন্তু পরিতাপের বিষয় হলো, কোটি কোটি নাগরিকের এই গুরুত্বপূর্ণ সনদে রয়ে গেছে অসংখ্য তথ্যবিভ্রাট। আর এই ভুলের খেসারত দিতে হচ্ছে সাধারণ মানুষকে। একটি তথ্য সংশোধন করতে গেলে নাগরিকদের মাসের পর মাস, বছরের পর বছর দুর্ভোগ পোহাতে হয়। এ ছাড়া রয়েছে দালালচক্রের দৌরাত্ম্য। অভিযোগ রয়েছে, সুযোগ বুঝে সংশ্লিষ্ট কর্মকর্তারাও মোটা অঙ্কের ঘুষ দাবি করেন। খবরে জানা গেছে, এনআইডিতে একটি ভুল তথ্য সংশোধন করতে গিয়ে এক ব্রিটিশ-বাংলাদেশির পাঁচ বছর লেগেছে। ভুক্তভোগী সাবুল মিয়া এক-দুবার নয়, মোট চারবার আবেদন করেছেন। প্রতিবারই নতুন নতুন নথিপত্র চাওয়া হয়েছে। বারবার আশ্বাস দেওয়া হয়েছে, ‘কাজ হয়ে যাবে’; কিন্তু কাজ হয়নি। এ জন্য তাঁকে বারবার যুক্তরাজ্য থেকে বাংলাদেশে ছোটাছুটি করতে হয়েছে। অথচ তাঁর এনআইডিতে ভুল ছিল মাত্র একটি। তাঁর প্রকৃত বয়স ৮৭, কিন্তু এনআইডিতে লেখা হয় ৭৮। এতে তাঁর বয়স ৯ বছর কমে যায়। এই ভুল সংশোধনের জন্য তিনি প্রথমে যান সিলেট আঞ্চলিক নির্বাচন কার্যালয়ে। সেখানেই তাঁকে পাঁচ বছর নাকানিচুবানি খেতে হয়েছে। অবশেষে চলতি বছর ২৪ মে নির্বাচন কমিশনের প্রধান কার্যালয়ে তাঁর কাজ সম্পন্ন হয়। খোঁজ নিলে দেখা যাবে, সাবুল মিয়ার মতো তিক্ত অভিজ্ঞতা অনেকেরই। এখন ডিজিটাল যুগ। নানা ক্ষেত্রে আগের তুলনায় গতি এসেছে। সঠিক তথ্য যাচাই-বাছাইয়ের অনেক সুযোগ তৈরি হয়েছে। এই সময়ে এসে জাতীয় নাগরিকত্ব সনদ সংশোধনের প্রক্রিয়ায় এত অব্যবস্থাপনা, এত মন্থরগতি মেনে নেওয়া যায় না। এনআইডি সংশোধনের পুরো প্রক্রিয়াকে আরো সহজ, স্বচ্ছ এবং সম্পূর্ণ অনলাইনভিত্তিক করা এখন সময়ের দাবি। ভুলের ধরন অনুযায়ী ক্যাটাগরি ভাগ করে একটি নির্দিষ্ট সময়সীমা ১৫ বা ৩০ দিন বেঁধে দেওয়া যেতে পারে। এই সময়ের মধ্যে আবেদনটি নিষ্পত্তি করতে কর্মকর্তারা বাধ্য থাকবেন। ওয়াকিফহাল মহলের অভিমত, এমন পদক্ষেপ ছাড়া সাধারণ মানুষের ভোগান্তি কমবে না। আমরা আশা করি, সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বিষয়টি অত্যন্ত গুরুত্বের সঙ্গে বিবেচনা করবে এবং জাতীয় পরিচয়পত্র সংশোধনে একটি কার্যকর ও নাগরিকবান্ধব ব্যবস্থা গড়ে তুলবে।

টকশোসহ বিভিন্ন মাধ্যমে

বিরুদ্ধে নানা কৌশলে অবস্থান নেওয়ার চেষ্টা চলছে। কেউ চিত্রনায়িকা, কেউ মডেল, আবার কেউ সিনিয়র সাংবাদিকের পরিচয়ে টকশোসহ বিভিন্ন মাধ্যমে এমন বক্তব্য দিচ্ছেন, যা জুলাইয়ের বিপক্ষে জনমত তৈরির প্রচেষ্টা। বুধবার (৮ জুলাই) রাজধানীর কাকরাইলের আইডিবি মিলনায়তনে ‘জুলাই গণঅভ্যুত্থানের চেতনা, গণভোটের রায় বাস্তবায়ন এবং জুলাই গণহত্যা ও মানবতাবিরোধী অপরাধের বিচার’ শীর্ষক সেমিনারে এ কথা বলেন তিনি। সরকারের কাছে অতিদ্রুত গণভোটের রায় মেনে সংবিধান সংস্কার পরিষদ বাস্তবায়ন করার দাবি জানিয়ে আখতার হোসেন বলেন, বাংলাদেশের মানুষেরা আর রক্তপাত দেখতে চায় না। তারা একটা গণতান্ত্রিক উপায়ের মধ্যদিয়ে রাষ্ট্রের কাঙ্ক্ষিত সংস্কার, রূপান্তর দেখতে চায়। আখতার হোসেন বলেন, সরকারদলীয় নেতারা সংসদে দাবি করেছেন, গণভোটের চারটি প্রশ্নের মধ্যে সাড়ে তিনটি তারা মেনে নিয়েছেন, বাকি আধাটি মানেননি। তবে জনগণের প্রায় ৭০ শতাংশ ভোটার চারটি প্রশ্নের পক্ষেই রায় দিয়েছেন। তাই জনগণের রায়ের বাইরে গিয়ে কোনো অংশ বাস্তবায়ন না করার সুযোগ নেই। তিনি প্রশ্ন রেখে বলেন, রাষ্ট্র সংস্কারের গুরুত্বপূর্ণ বিষয়গুলো আনুপাতিক প্রতিনিধিত্ব (পিআর) পদ্ধতিতে উচ্চকক্ষ গঠন, বিচার বিভাগে স্বাধীন ও স্বচ্ছ নিয়োগব্যবস্থা, তত্ত্বাবধায়ক সরকারের নতুন ফর্মুলা এবং সরকারি কর্ম কমিশন (পিএসসি) ও দুর্নীতি দমন কমিশনে (দুদক) স্বচ্ছ নিয়োগ প্রক্রিয়া যদি বাস্তবায়ন না করা হয়, তাহলে সরকার সংস্কারের কোন অংশ বাস্তবায়ন করতে চান? এনসিপির সদস্যসচিব আখতার হোসেন বলেন, সরকারকে বারবার আহ্বান জানানো হবে, কারণ বাংলাদেশের মানুষ আর রক্তপাত দেখতে চায় না। তারা গণতান্ত্রিক উপায়ে রাষ্ট্রের কাঙ্ক্ষিত সংস্কার ও রূপান্তর দেখতে চায়। এ লক্ষ্যে তিনি সরকারের প্রতি দ্রুত গণভোটের রায় বাস্তবায়ন এবং সংবিধান সংস্কার পরিষদ গঠনের আহ্বান জানান।

ষড়যন্ত্র করে ভোটে হারানো

ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। এই ষড়যন্ত্রে অন্তর্বর্তী সরকার জড়িত বলেও দাবি করেন তিনি। বুধবার (৮ জুলাই) রাজধানীর কাকরাইলে আইডিইবি ভবনে আয়োজিত সেমিনারে তিনি এসব কথা বলেন। ‘জুলাই গণঅভ্যুত্থানের চেতনা, গণভোটের রায় বাস্তবায়ন এবং জুলাই গণহত্যা ও মানবতাবিরোধী অপরাধের বিচার এবং আমাদের বাস্তবতা’ শীর্ষক এ সেমিনার আয়োজন করা হয়। সেমিনারে জামায়াত আমির বলেন, আমরা নির্বাচন চেয়েছি, তবে আমরা নির্বাচনের নামে ষড়যন্ত্র চাইনি। ষড়যন্ত্র করা হয়েছে। আমরা নিন্দা জানাই, ইন্টেরিম গভর্নমেন্টে যাদের পরিচয় ছিল নিরপেক্ষ দল নিরপেক্ষ, তারাও এই ষড়যন্ত্রে শরিক ছিল। নিজেরাই তারা স্বীকার করেছে, ষড়যন্ত্র করে ১১ দলকে হারানো হয়েছে। তারপরেও নির্বাচন কেন মেনে নিলাম- এমন প্রশ্ন রেখে ডা. শফিকুর রহমান বলেন, এখানে একজন আপা রিকন্সিলেশনের (সমন্বয়ের) কথা বলে গিয়েছেন, ধৈর্যের কথা বলে গিয়েছেন, জাতিকে গৃহযুদ্ধ থেকে বাঁচানোর কথা বলে গেছেন। সাড়ে ১৭ বছর পরে এই নির্বাচন নিয়ে ষড়যন্ত্রের ফসল হিসেবে যদি আমরা সেদিন রিভোল্ট করতাম, এই নির্বাচনের ফলাফল প্রত্যাখ্যান করতাম, তাহলে দেশে বিশৃঙ্খলা সৃষ্টি হলে এর শেষ কোথায় গিয়ে দাঁড়াতো কেউ জানে না। তিনি বলেন, ১১ দল দায়িত্বশীলতার পরিচয় দিয়েছে। কিন্তু সঙ্গে সঙ্গে ১১ দল এটাও বলেছে, নির্বাচনে এই ষড়যন্ত্রের ফল মেনে নিলেও আমরা গণভোটের রায়কে অগ্রাহ্য করতে দেবো না। বিরোধীদলীয় নেতা বলেন, শহীদদের তাজা রক্ত তখনো ভাসছে, মায়ের চোখে তখনো পানি নয় রক্ত ঝরছে, সেই সময় তাদের সান্ত্বনা দেওয়া, তাদের পাশে দাঁড়ানো- এই কাজটা না করে কীভাবে কিছু রাজনৈতিক দল তখন থেকে নির্বাচনের জিকির তুলতে পারলো? কাজেই তাদের কাছে তাদের আপন সঙ্গীদের রক্তেরও কোনো মূল্য নেই। জুলাই সনদকে অন্তহীন প্রতারণার দলিল বলে বিএনপি জাতির সঙ্গে অন্তহীন প্রতারণা করেছে বলেও অভিযোগ করেন ডা. শফিকুর রহমান। তিনি বলেন, তারা (বিএনপি নেতারা) সংসদে দাঁড়িয়ে বলেছিলেন জুলাই চার্টার (জুলাই সনদ) একটা অন্তহীন প্রতারণার দলিল। আর এই সংসদে দাঁড়িয়ে তারা আবার প্রমাণ করলেন তারাই জাতির সঙ্গে অন্তহীন প্রতারণা করেছেন।

গুরুত্বপূর্ণ ব্যক্তিদের নামে

এছাড়া সংবাদমাধ্যমের আদলে পরিচালিত ১৬টি অপতথ্যভিত্তিক ওয়েবসাইট, ৩০০টির বেশি বিভ্রান্তিকর ফেসবুক অ্যাকাউন্ট এবং ১০০টি এক্স (এক্স) অ্যাকাউন্ট চিহ্নিত করা হয়েছে। বুধবার (৮ জুলাই) ত্রয়োদশ জাতীয় সংসদের দ্বিতীয় অধিবেশনের ২১তম দিন প্রশ্নোত্তর পর্বে সংরক্ষিত সংসদ সদস্য ফাহিমা নাসরিনের লিখিত প্রশ্নের জবাবে এ তথ্য জানান তথ্য ও সম্প্রচারমন্ত্রী জহির উদ্দিন স্বপন। প্রেস ইনস্টিটিউট বাংলাদেশের (পিআইবি) তত্ত্বাবধানে ‘বাংলাফ্যাক্ট’ অপতথ্য ও গুজব প্রতিরোধে সক্রিয়ভাবে কাজ করছে জানিয়ে তথ্য ও সম্প্রচারমন্ত্রী জহির উদ্দিন স্বপন বলেন, এ পর্যন্ত ‘বাংলাফ্যাক্ট’ ৮৬০টি ফ্যাক্টচেক, বিশ্লেষণ, অনুসন্ধানী প্রতিবেদন, ভিডিও ও রিল প্রকাশ করেছে। এর মধ্যে বর্তমান সরকার দায়িত্ব গ্রহণের পর প্রকাশিত হয়েছে ৩০৬টি। বর্তমানে প্রতিদিন গড়ে তিন থেকে পাঁচটি দাবির সত্যতা যাচাই করে প্রতিবেদন প্রকাশ করা হচ্ছে। কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) ও ডিপফেক প্রযুক্তির অপব্যবহার করে গুজব, অপতথ্য এবং বিভ্রান্তি ছড়ানোর অপচেষ্টা মোকাবিলায় তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করছে বলেও উল্লেখ করেন মন্ত্রী। সাংবাদিকদের দক্ষতা বাড়াতেও কাজ করছে সরকার। এ বিষয়ে সংসদে তথ্যমন্ত্রী বলেন, ২০২৪ সালের ১ অক্টোবর থেকে ২০২৬ সালের জুন পর্যন্ত দেশের ৬৪ জেলায় ১৪১টি প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়। এর মাধ্যমে ৬ হাজার ৭৭৪ জন সাংবাদিককে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। তিনি জানান, এর মধ্যে বর্তমান সরকারের দায়িত্ব গ্রহণের পর ২০টি প্রশিক্ষণে অংশ নিয়েছেন ৭৩৯ জন সাংবাদিক। এসব প্রশিক্ষণের মধ্যে ডিজিটাল সাংবাদিকতা, কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) ও ফ্যাক্টচেক বিষয়ক ১৪টি প্রশিক্ষণ অন্তর্ভুক্ত রয়েছে। মন্ত্রী জানান, প্রতিটি প্রশিক্ষণে গুজব মোকাবিলা, ফ্যাক্টচেকিং এবং সাংবাদিকতায় এআই ব্যবহারের বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। পাশাপাশি গণমাধ্যমকর্মীদের জন্য শিগগিরই একটি ‘ফ্যাক্টচেক ম্যানুয়াল’ প্রকাশ করা হবে। ভবিষ্যতেও এআই ও ডিপফেক প্রযুক্তির অপব্যবহার প্রতিরোধে প্রয়োজনীয় কার্যক্রম অব্যাহত থাকবে। তবে প্রশ্নে এআই ও ডিপফেক প্রযুক্তির ঝুঁকি মোকাবিলায় মন্ত্রণালয়ের কোনও বিশেষ সেল বা দীর্ঘমেয়াদি মহাপরিকল্পনার বিষয়ে জানতে চাওয়া হলেও মন্ত্রী তার উত্তরে কোনও কিছু উল্লেখ করেননি।

সরকারি স্কুলের এক কোটি

তারেক রহমান। একই সঙ্গে তিনি শিক্ষা, কৃষি ও পুঁজিবাজার নিয়ে সরকারের বিভিন্ন পরিকল্পনা ও উদ্যোগের কথাও তুলে ধরেন। তিনি জানিয়েছেন, সারাদেশে সরকারি ৬৫ হাজার বিদ্যালয়ে এক কোটি ২০ লাখ শিক্ষার্থীকে স্কুল ড্রেস ও স্কুল ব্যাগ দেওয়া হবে। বুধবার (৮ জুলাই) জাতীয় সংসদে অধিবেশন চলাকালে তিনি এ কথা জানান। প্রধানমন্ত্রী বলেছেন, স্বৈরাচার আওয়ামী সরকারের আমলে শিক্ষা ক্ষেত্রে শুধু বিল্ডিং হয়েছে। হিউম্যান রিসোর্সের কোনো উন্নয়ন হয়নি। প্রাথমিক শিক্ষকদের প্রশিক্ষণের পাশাপাশি ধাপে ধাপে তাদের বেতন বৃদ্ধি করা হবে। কৃষির অগ্রগতি নিয়ে তিনি বলেন, কৃষিভিত্তিক বন্ধ কলকারখানা আবার চালু করা হবে। সনাতনী পদ্ধতির বদলে কৃষিতে আধুনিক প্রযুক্তি যুক্ত করতে নানা উদ্যোগ নিয়েছে সরকার। এ সময় প্রধানমন্ত্রী জানিয়েছেন, সরকার চীনে কাঁঠাল রপ্তানি করবে। তিনি আরও বলেন, বিগত আওয়ামী সরকারের আমলে শেয়ারবাজার কেলেঙ্কারির সঙ্গে জড়িতদের চিহ্নিত করে বিচারের মুখোমুখি করার পরিকল্পনা নিয়েছে সরকার। পাশাপাশি সরকারের নেওয়া বিভিন্ন উদ্যোগের কারণে পুঁজিবাজার ভালো অবস্থায় ফিরছে বলেও তিনি উল্লেখ করেন।

চরফ্যাশন-মনপুরায় স্পিকার

অন্তর্ভুক্ত করা হয়েছে। মঙ্গলবার (৭ জুলাই) জাতীয় সংসদের দ্বিতীয় অধিবেশনে স্পিকার হাফিজ উদ্দিন আহমদ-এর সভাপতিত্বে জরুরি এই জন-গুরুত্বসম্পন্ন বিষয়ে নোটিশ দেন মোহাম্মদ নূরুল ইসলাম। সংসদে কার্যপ্রণালি বিধির ৭১ বিধি অনুযায়ী খাস জমি বন্দোবস্তের বিষয়টি উত্থাপন করে মোহাম্মদ নূরুল ইসলাম জানান, দেশে সরকারি হিসাবে প্রায় ৩৮ লাখ ৫৩ হাজার ৭৯৪ একর খাস জমি থাকলেও তার একটি বড় অংশই প্রভাবশালীদের দখলে। বিশেষ করে তার নির্বাচনী এলাকা চরফ্যাশন ও মনপুরায় গত ১৬ বছরের ফ্যাসিবাদী শাসনে নদীভাঙা বাস্তুহারা মানুষ চরম বঞ্চনার শিকার হয়েছেন এবং রাজনৈতিক প্রভাবশালীরা অসৎ কর্মকর্তাদের সাথে মিলে ভূমিহীনদের জমি দখল করে নিয়েছে। প্রকৃত ভূমিহীনদের অধিকার নিশ্চিত করতে সেখানে কোনো ডিজিটাল ডাটাবেজ তৈরির পরিকল্পনা আছে কিনা, তা জানতে চান তিনি। সংসদ সদস্য মোহাম্মদ নূরুল ইসলামকে যুবসমাজের এক প্রতিবাদী ও আইকন লিডার হিসেবে আখ্যায়িত করে ভূমিমন্ত্রী তার অভিযোগ সম্পূর্ণ সঠিক বলে মেনে নেন। তিনি বলেন, ভূমি অপরাধ প্রতিরোধ ও প্রতিকার আইন ২০২৩ এবং ২০২৪ সালের বিধিমালার কঠোর প্রয়োগের মাধ্যমে সারা দেশে জেলা প্রশাসকদের সহায়তায় উচ্ছেদ অভিযান চলছে। চরফ্যাশন ও মনপুরা সফরের মাধ্যমে স্থানীয় সব অনিয়ম দূর করে একটি সম্পূর্ণ স্বচ্ছ প্রশাসনিক ব্যবস্থা জনগণকে উপহার দেওয়া হবে। এই আলোচনার পরিপ্রেক্ষিতে স্পিকার খাস জমি উদ্ধারে সব সংসদ সদস্যকে নিজ নিজ এলাকায় আরও বেশি সক্রিয় হওয়ার আহ্বান জানান। মোহাম্মদ নূরুল ইসলামকে ধন্যবাদ জানিয়ে স্পিকার বলেন, ২০০১ থেকে ২০০৬ সাল পর্যন্ত বিএনপির বিগত সরকারের আমলে ভোলা-৩ আসনে ২০ হাজার ভূমিহীন কৃষককে খাস জমি দেওয়া হয়েছিল, যেখানে তৎকালীন প্রধানমন্ত্রী খালেদা জিয়া নিজে তজুমুদ্দিন স্টেডিয়ামে উপস্থিত থেকে কৃষকদের হাতে দলিল তুলে দিয়েছিলেন। সংসদ সদস্যরা আন্তরিক হলে এই খাস জমি বিতরণ কর্মসূচি সরকারের একটি যুগান্তকারী পদক্ষেপ হবে উল্লেখ করে স্পিকার জানান, সময় সুযোগ হলে ভূমিমন্ত্রীর এই ভোলা সফরে তিনিও অংশ নেওয়ার চেষ্টা করবেন।

বরিশালে ভুয়া বিলে সাড়ে ১৮ লাখ টাকা

মজুমদার এবং মেট্রো কোর্ট পুলিশের কনস্টেবল মো. সঞ্জীব মিয়া। অফিস আদেশে বলা হয়েছে, বিএমপির হিসাব শাখার তদন্তে প্রাথমিকভাবে প্রতীয়মান হয়েছে যে, তিন কনস্টেবল যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ছাড়াই আইবাস প্লাস পদ্ধতিতে ভুয়া বিল তৈরি ও দাখিল করেন। ওই বিলের মাধ্যমে ১৮ লাখ ৬০ হাজার ১৮৪ টাকা কমিউনিটি ব্যাংকের একটি অ্যাকাউন্টে পরিশোধের প্রক্রিয়া সম্পন্ন করার চেষ্টা করা হয়। তবে ব্যাংকে অর্থ পরিশোধের আগেই বিষয়টি শনাক্ত হয়। পরে হিসাব শাখার তদন্ত প্রতিবেদনের ভিত্তিতে বিষয়টি পুলিশ কমিশনারের নজরে আনা হলে প্রাথমিক তদন্তে অভিযোগের সত্যতা পাওয়া যায় বলে অফিস আদেশে উল্লেখ করা হয়েছে। এর পরিপ্রেক্ষিতে অভিযুক্ত তিন পুলিশ সদস্যকে সাময়িক বরখাস্ত করা হয়েছে। বরখাস্তকালীন সময়ে তারা বিধিমালা অনুযায়ী খোরপোষ ভাতা পাবেন এবং বিএমপি লাইন্সে সংযুক্ত থেকে ঊর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনা মেনে চলবেন। উপকমিশনার আব্দুল হান্নান বলেন, অপরাধের প্রাথমিক সত্যতা পাওয়ায় তিনজনকে আপাতত সাময়িক বরখাস্ত করা হয়েছে। এ বিষয়ে তদন্ত চলছে। তদন্ত শেষে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।

বরিশালে শিয়াল হত্যা করে

পশুপ্রেমী ও সাধারণ মানুষের মাঝে এ নিয়ে চরম ক্ষোভ ও অসন্তোষ দেখা দিয়েছে। স্থানীয়দের অভিযোগ, বরিশাল সিটি করপোরেশনের (বিসিসি) ২৬ নম্বর ওয়ার্ডের ময়দান খোলা এলাকায় বন্যপ্রাণী শিয়াল হত্যা করে ফেসবুকে মাংস বিক্রির বিজ্ঞাপন দেয় একদল ব্যক্তি। একটি ঘটনাকে কেন্দ্র করে তীব্র সমালোচনা শুরু হয়েছে। স্থানীয় সূত্রে জানা গেছে, ২৬ নম্বর ওয়ার্ডের বাসিন্দা নুরুল ইসলামের নেতৃত্বে একদল ব্যক্তি এই বন্যপ্রাণীটি হত্যা করে। পরবর্তীতে ‘নাইম রাজ’ নামের এক ফেসবুক আইডি থেকে জবাই করা শিয়ালের ছবিসহ মাংস বিক্রির একটি বিতর্কিত বিজ্ঞাপন পোস্ট করা হয়। মুহূর্তের মধ্যেই পোস্টটি ফেসবুকে ছড়িয়ে পড়লে নেটিজেন ও পশুপ্রেমী সংগঠনগুলো তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাতে শুরু করে। দেশের প্রচলিত বন্যপ্রাণী (সংরক্ষণ ও নিরাপত্তা) আইন লঙ্ঘন করে এভাবে প্রকাশ্যে বন্যপ্রাণী হত্যা এবং তার মাংস বিক্রির প্রচারণাকারীদের দ্রুত আইনের আওতায় এনে শাস্তির দাবি জানিয়েছেন স্থানীয় পরিবেশবাদীরা। স্থানীয় ব্যক্তি আবদুর রহমান বলেন, আইন অমান্য করে শিয়াল হত্যা করে সেই মাংস বিক্রির বিজ্ঞাপন দেওয়া হয়েছে। এমন অপকর্মের পরও তাদের বিরুদ্ধে কোনো ব্যবস্থা নেওয়া হচ্ছে না। এ ঘটনায় জড়িতদের দ্রুত আইনের আওতায় আনার দাবি জানান তিনি। এ বিষয়ে বরিশাল বিভাগীয় বন কর্মকর্তা রফিকুল ইসলাম বলেন, বিষয়টি আমি জেনেছি। এ ঘটনা আইনগত ব্যবস্থা নিতে লোক পাঠানো হয়েছে।

ভোলার ৬ রুটে সাময়িকভাবে

লঞ্চ চলাচল সাময়িকভাবে বন্ধ ঘোষণা করেছে কর্তৃপক্ষ। বুধবার (৮ জুলাই) সকাল থেকে জেলার বিভিন্ন এলাকায় আকাশ মেঘাচ্ছন্ন থাকায় থেমে থেমে হালকা থেকে ভারী বৃষ্টিপাত হচ্ছে। বৈরী আবহাওয়ার কারণে মেঘনা নদীতে ঢেউয়ের তীব্রতা বৃদ্ধি পেয়েছে এবং নদীপথে নৌযান চলাচলে বিঘ্ন সৃষ্টি হয়েছে। ভোলা আবহাওয়া অধিদপ্তরের পর্যবেক্ষক মো. মাহাবুবুর রহমান বলেন, গত ২৪ ঘণ্টায় জেলায় ৫৩ দশমিক ৫ মিলিমিটার বৃষ্টিপাত রেকর্ড করা হয়েছে। আগামী কয়েকদিন বৃষ্টিপাত ও দমকা হাওয়া অব্যাহত থাকতে পারে। জেলা পানি উন্নয়ন বোর্ডের (পাউবি) তত্ত্বাবধায়ক প্রকৌশলী মো. হাসানুজ্জামান বলেন, সর্বশেষ পর্যবেক্ষণে তজুমদ্দিন উপজেলার মেঘনা নদীর পানি বিপৎসীমার ৭২ সেন্টিমিটার ওপর দিয়ে প্রবাহিত হচ্ছে। পরিস্থিতি সার্বক্ষণিক পর্যবেক্ষণে রাখা হয়েছে। বিআইডব্লিউটিএর ভোলা নদীবন্দরের সহকারী পরিচালক নির্মল কুমার রায় বলেন, সমুদ্রবন্দরে ৩ নম্বর এবং নৌবন্দরে ১ নম্বর সতর্ক সংকেত বহাল থাকায় মনপুরা-হাকিমুদ্দিনসহ ভোলা জেলার পাঁচটি অভ্যন্তরীণ নৌরুটে যাত্রীবাহী লঞ্চ চলাচল বন্ধ রাখা হয়েছে। তবে ভোলার ইলিশা-লক্ষ্মীপুর-ঢাকা নৌপথে ফেরি ও যাত্রীবাহী লঞ্চ চলাচল স্বাভাবিক রয়েছে। এদিকে বৈরী আবহাওয়ার কারণে বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন নদী এলাকায় জেলেরা মাছ ধরা থেকে বিরত রয়েছেন। নদীতে জেলে নৌকা ও ছোট নৌযানের চলাচলও কমে গেছে।

ঘুষের বিনিময়ে বদলির অডিও ফাঁস

প্রজ্ঞাপনে মোহাম্মদ বদরুল আলম মোল্লাকে ঝালকাঠির পুলিশ সুপার হিসেবে নিয়োগ দেওয়া হয়। এর আগে তিনি পুলিশের অপরাধ তদন্ত বিভাগে (সিআইডি) পুলিশ সুপার হিসেবে দায়িত্ব পালন করেন। এরও আগে তিনি ট্যুরিস্ট পুলিশে কর্মরত ছিলেন। সম্প্রতি সামাজিক যোগাযোগমাধ্যমে একটি অডিও ছড়িয়ে পড়ে। এতে শোনা যায়, হামিদ নামে এক যুবক মোহাম্মদ বদরুল আলম মোল্লার সঙ্গে কথা বলছেন। তাদের কথোপকথনে বদরুলের বদলি নিয়ে যে টাকার চুক্তি হয়েছে, সে বিষয়ে বারবার ইঙ্গিত করেন ওই যুবক। ছড়িয়ে পড়া অডিও ক্লিপে হামিদ নামে ওই যুবক বারবার বলেন, এক বড় ভাইয়ের মাধ্যমে এ বদলি হয়েছে এবং তিনি বদরুলকে দেওয়া আশ্বাস রেখেছেন। তবে অডিওতে শোনা যায়, বদলির আদেশ হওয়ার পর বদরুল টাকা দিতে অস্বীকৃতি জানান। তবে এ বিষয়ে মোহাম্মদ বদরুল আলম মোল্লার সঙ্গে যোগাযোগের চেষ্টা করা হলেও ফোনে তাকে পাওয়া যায়নি।

মালয়েশিয়ায় কর্মী পাঠানো

প্রতিষ্ঠান বা মধ্যস্বত্বভোগীর সঙ্গে যোগাযোগ কিংবা কোনো ধরনের আর্থিক লেনদেন করা থেকে বিরত থাকতে হবে। অন্যথায় প্রতারণার শিকার হওয়ার ঝুঁকি রয়েছে। রিক্রুটিং এজেন্সিগুলোর প্রতিও কঠোর নির্দেশনা দিয়ে মন্ত্রণালয় বলেছে, সরকারি অনুমোদন ও আনুষ্ঠানিক বিজ্ঞপ্তি প্রকাশের আগে কোনো এজেন্সি মালয়েশিয়া গমনেচ্ছু কর্মীদের সঙ্গে চুক্তি করতে পারবে না। পাশাপাশি কোনো কর্মীর পাসপোর্ট সংগ্রহ, মেডিকেল পরীক্ষা করানো কিংবা কোনো ধরনের অর্থ গ্রহণ বা লেনদেন থেকেও বিরত থাকতে হবে। মন্ত্রণালয় জানায়, মালয়েশিয়া গমন-সংক্রান্ত যেকোনো তথ্য বা অভিযোগ জানাতে দেশের ভেতর থেকে ১৬১৩৫ এবং বিদেশ থেকে +৮৮০৯৬১০১০২০৩০ নম্বরে প্রবাসী কল সেন্টারে যোগাযোগ করা যাবে। এ ছাড়া মালয়েশিয়া-সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তা মো. হেদায়েতুল ইসলাম মণ্ডলের সঙ্গে টেলিফোন, ই-মেইল বা মোবাইল ফোনের মাধ্যমেও সরাসরি যোগাযোগ করে প্রয়োজনীয় তথ্য নেওয়ার আহ্বান জানানো হয়েছে। প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় বলেছে, মালয়েশিয়ায় কর্মী পাঠানোর বিষয়ে সরকার আনুষ্ঠানিক সিদ্ধান্ত ও নির্দেশনা জারি করলেই তা যথাসময়ে গণমাধ্যম ও সরকারি মাধ্যমে জানিয়ে দেওয়া হবে। তত দিন পর্যন্ত গুজব বা অননুমোদিত তথ্যের ভিত্তিতে কোনো ধরনের আর্থিক লেনদেন বা প্রক্রিয়ায় অংশ না নেওয়ার জন্য সংশ্লিষ্ট সবার প্রতি আহ্বান জানানো হয়েছে।

সুপারিশ পর্যালোচনা করে

পার্টনারশিপ ফর ডেমোক্রেসি (ইপিডি) এবং দ্য ইন্টারন্যাশনাল ফাউন্ডেশন ফর ইলেক্টোরাল সিস্টেমস (আইএফইএস) যৌথভাবে এই সংলাপের আয়োজন করে। যেখানে স্থানীয় পর্যবেক্ষক, সিভিল সোসাইটি অর্গানাইজেশন ও নির্বাচন কর্মকর্তাসহ অর্ধশতাধিক প্রতিনিধি অংশ নেন। নির্বাচন কমিশনার বলেন, নির্বাচনের আগে ও পরে পর্যবেক্ষক দল এবং সংশ্লিষ্ট অংশীজনদের মূল্যবান মতামত নেওয়া হয়েছে। সবার কাছ থেকে আশাপ্রদ সহযোগিতা পাওয়া গেছে। এই সংলাপের মাধ্যমে নির্বাচনকে কীভাবে আরও বেশি অন্তর্ভুক্তিমূলক করা যায়, সেই বিষয়ে ফলপ্রসূ সুপারিশ আসবে বলে আশা করা যাচ্ছে। গণতন্ত্রের উত্তরণে এটি একটি চলমান প্রক্রিয়া হিসেবে কাজ করবে। উল্লেখ্য, গত ১২ ফেব্রুয়ারির ত্রয়োদশ সংসদ নির্বাচন সফলভাবে সম্পন্ন হওয়ার পর বর্তমানে স্থানীয় সরকার নির্বাচনের জোর প্রস্তুতি চালাচ্ছে নির্বাচন কমিশন (ইসি)। এরই অংশ হিসেবে নির্বাচনি বিধি সংস্কারে অংশীজনদের মতামত নেওয়ার প্রক্রিয়া চলছে। সদ্য সমাপ্ত জাতীয় সংসদ নির্বাচন পর্যবেক্ষণ করে ইতোমধ্যে ইউরোপীয় ইউনিয়ন, আনফ্রেল ও কমনওয়েলথ পর্যবেক্ষক দল তাদের সুনির্দিষ্ট পর্যবেক্ষণ ও প্রতিবেদন তুলে ধরেছে। সেই ধারাবাহিকতা বজায় রেখেই অংশীজনদের সঙ্গে এই পর্যবেক্ষণ ও সুপারিশ নিয়ে আলোচনা করা হচ্ছে। উদ্বোধনী বক্তব্যে নির্বাচন কমিশনার আবুল ফজল মো. সানাউল্লাহ আরও বলেন, নির্বাচনের পর যেসব সুপারিশ আমাদের হাতে এসেছে, তা আমরা গভীরভাবে মূল্যায়ন করছি যাতে নির্বাচন ব্যবস্থার ইতিবাচক ধারাকে এগিয়ে নেওয়া যায়। আগামী দুই দিনের এই অংশীজন সংলাপে যেসব সুপারিশ পাওয়া যাবে, সেগুলোকেও আমরা কাজে লাগাবো। সামনে যেহেতু স্থানীয় নির্বাচন রয়েছে, তাই এই প্রক্রিয়াকে সফল করতে তিনি সবার আন্তরিক সহযোগিতা কামনা করেন। অনুষ্ঠানে উপস্থিত ইউরোপীয় ইউনিয়নের রাষ্ট্রদূত মাইকেল মিলার নির্বাচনের আগে ও পরে নির্বাচন কমিশনের সঙ্গে বিভিন্ন আলোচনা ও সহযোগিতার বিষয়গুলো তুলে ধরেন। তিনি জানান, ইউরোপীয় ইউনিয়ন ইতোমধ্যে তাদের চূড়ান্ত রিপোর্টে সুনির্দিষ্ট ১৯টি সুপারিশ তুলে ধরেছে। এই কর্মশালার মাধ্যমে আলোচনার পরিধি আরও বাড়বে এবং নতুন নতুন সুপারিশ আসবে। পরবর্তী সময়ে অগ্রাধিকার নির্ধারণ করে সেগুলো কাজে লাগাতে হবে। অংশীজনরা গণতান্ত্রিক নির্বাচনে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে উল্লেখ করে তিনি আশা প্রকাশ করেন, নির্বাচন কমিশন সামনের দিনগুলোতে এসব পর্যবেক্ষণ ও সুপারিশ অত্যন্ত গুরুত্বের সঙ্গে বিবেচনায় নিয়ে এগিয়ে নিয়ে যাবে। স্বাগত বক্তব্যে ইউরোপিয়ান পার্টনারশিপ ডেভেলপমেন্টের (ইপিডি) মাইকেল লিডাউয়ার বলেন, ইতোমধ্যে অনেক সংস্থা তাদের পর্যবেক্ষণ জমা দিয়েছে। সবাইকে একসঙ্গে নিয়ে আয়োজিত এই কর্মশালা থেকে প্রাপ্ত সুপারিশগুলো ভবিষ্যতের কর্মপন্থা ও নির্বাচনি রূপরেখা তৈরিতে দারুণ সহায়তা করবে, যা আসন্ন স্থানীয় নির্বাচনেও কাজে লাগবে। দুই দিনব্যাপী এই সংলাপের বিভিন্ন সেশনে নির্বাচন কমিশনার আব্দুর রহমানেল মাছউদ, নির্বাচন কমিশনার তাহমিদা আহমদ, নির্বাচন কমিশনার মো. আনোয়ারুল ইসলাম সরকার, নির্বাচন কমিশনার ব্রিগেডিয়ার জেনারেল আবুল ফজল মো. সানাউল্লাহ (অব.) এবং নির্বাচন কমিশন সচিবালয়ের জ্যেষ্ঠ সচিব আখতার আহমেদ উপস্থিত থাকবেন বলে জানানো হয়েছে।

চার দিনে বঙ্গোপসাগরে ৩টি

কুয়াকাটা-সংলগ্ন বঙ্গোপসাগরে ইলিশ শিকারের উদ্দেশ্যে রওনা হয়। তপন জোমাদ্দারের মালিকানাধীন ট্রলারে ১৩ জন এবং আলমগীর খলিফার মালিকানাধীন ট্রলারে ৫ জেলে ছিলেন। জেলেরা জানান, রাতে হঠাৎ সাগর উত্তাল হয়ে উঠলে প্রচণ্ড ঢেউয়ের আঘাতে ট্রলার দুটি দুর্ঘটনার শিকার হয়। ঢেউয়ের তোড়ে আলমগীর খলিফার মালিকানাধীন ট্রলারটি ডুবে গেলে ওই ট্রলারের জেলেরা জীবন বাঁচাতে তপন জোমাদ্দারের ট্রলারে ওঠেন। পরে একপর্যায়ে প্রচণ্ড ঢেউয়ে দ্বিতীয় ট্রলারটিও ডুবে গেলে জেলেরা সাগরে ভাসতে থাকেন। রাত ৩টার দিকে অন্য একটি মাছ ধরার ট্রলার ১৬ জন জেলেকে জীবিত উদ্ধার করে পটুয়াখালী জেলার মহিপুর থানা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসার জন্য ভর্তি করে। অন্য দুজনের সন্ধান মেলেনি এখনো। ফকিরহাট মৎস্য অবতরণ কেন্দ্র ট্রলার মালিক সমিতির সভাপতি মজিবুর রহমান ফরাজী বলেন, ‘দুজন জেলে এখনো নিখোঁজ রয়েছেন। প্রশাসনের পাশাপাশি আমাদের সমিতির পক্ষ থেকেও নিখোঁজ জেলেদের উদ্ধারে সর্বোচ্চ উদ্ধার তৎপরতা চালানো হচ্ছে।’ উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মোহাম্মদ জাহিদুল ইসলাম বলেন, ‘খবর পেয়ে সঙ্গে সঙ্গে কোস্ট গার্ড এবং নৌ পুলিশকে অবহিত করেছি। তবে সাগর উত্তাল থাকায় উদ্ধার অভিযানে বেগ পেতে হচ্ছে। উদ্ধার হওয়া ১৬ জেলের চিকিৎসার বিষয়ে আমরা পটুয়াখালীর মহিপুর থানা স্বাস্থ্য কমপ্লেক্স কর্তৃপক্ষের কাছ থেকে খোঁজখবর নিচ্ছি।’ এর আগে গত রোববার বঙ্গোপসাগরের ৬০ কিলোমিটার গভীরে ১১ জেলে নিয়ে গলাচিপার খরিদা গ্রামের ইমাদুলের মালিকানাধীন অপর একটি ট্রলার ডুবে যায়। এই ঘটনায় পাঁচজন উদ্ধার হলেও এখনো নিখোঁজ রয়েছেন ছয় জেলে। কলাপাড়া সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা অপু সাহা বলেন, নিখোঁজ জেলেদের উদ্ধারে কোস্ট গার্ড অভিযান চালাচ্ছে।

বরিশালে স্বাস্থ্য পরিচালককে

গোয়েন্দা সংস্থার কাছে দিয়েছিলেন। আহতদের চিকিৎসা পর্যন্ত হাসপাতালে দিতে দেননি হাসপাতালের তৎকালীন এই উপ-পরিচালক। এখন তিনি কীভাবে এত বড় পদে আসীন হলেন। আমরা ওনাকে বের করে কক্ষে তালা লাগিয়ে দিয়েছি। জুলাই গাদ্দার কাউকে আর মাথায় তোলা যাবে না।’ জানতে চাইলে পরিচালক ডা. এসএম মনিরুজ্জামান বলেন, ‘ছাত্রজীবনে বরিশাল শের-ই বাংলা মেডিকেল কলেজ ছাত্রদলের সহ-সভাপতি ছিলাম। বর্তমানে ড্যাবের রাজনীতির সঙ্গে জড়িত। জুলাই আন্দোলনের সময় পরিচালকের নির্দেশে বিভিন্ন কার্যক্রমে অংশ নিতে বাধ্য হয়েছি। এখন মন্ত্রণালয় যে সিদ্ধান্ত নেবে, তার অপেক্ষায় রয়েছি।’

জালে আটকা ১১ কেজির

পড়েছে। তিনি বলেন, সাধারণত এ ধরনের জালে এত বড় মাছ ধরা পড়ে না। ভাগ্যক্রমে জালের ফাঁসে আটকে যাওয়ায় মাছটি বের হতে পারেনি। পরে স্থানীয় কয়েকজন ব্যবসায়ী ও ক্রেতা মিলে মাছটি ১১ হাজার টাকায় কিনে নিজেদের মধ্যে ভাগ করে নেন। মাছটির অন্যতম ক্রেতা সুলতান মাহমুদ বলেন, গ্রামাঞ্চলে এত বড় বাগাড় মাছ সচরাচর দেখা যায় না। তাই মাছটি কিনে কেটে বিক্রি করা হয়েছে। বাজারে মাছটি দেখতে মানুষের ব্যাপক ভিড় হওয়ায় দ্রুত বিক্রির ব্যবস্থা করতে হয়েছে। দীর্ঘদিন পর বেলুয়া নদীতে এত বড় বাগাড় মাছ ধরা পড়ায় এলাকাজুড়ে ব্যাপক উৎসাহের সৃষ্টি হয়। মাছটি দেখতে নদীর তীর ও স্থানীয় বাজারে ভিড় করেন বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ।

কাউখালীতে ভরা মৌসুমে ইলিশের

থেকে তিন হাজার টাকায় বিক্রি হচ্ছে। ৫০০ গ্রাম ওজনের ইলিশও প্রতি কেজি দুই হাজার টাকার বেশি দামে বিক্রি হচ্ছে। ফলে সাধারণ মানুষ ইলিশ কিনতে হিমশিম খাচ্ছেন। উপজেলা মৎস্য অফিস সূত্রে জানা গেছে, কাউখালী উপজেলায় প্রায় দুই হাজার ৫০০ জন ইলিশ শিকারি জেলে রয়েছেন। তাদের অধিকাংশেরই প্রধান জীবিকা নদীতে মাছ ধরা। কিন্তু চলতি মৌসুমে পর্যাপ্ত ইলিশ না পাওয়ায় তারা আর্থিক সংকটে পড়েছেন। কঁচা নদীর জেলে কাউছার হোসেন ও সমীরণ বলেন, সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত জাল ফেলেও কোনো দিন একটাও ইলিশ পাই না। যা পাই, তা দিয়ে নৌকার তেলের খরচও ওঠে না। সংসার চালানো খুব কষ্ট হয়ে গেছে। সন্ধ্যা নদীর জেলে মজিবর ও হিরন বলেন, ভরা মৌসুমে এমন অবস্থা আগে খুব কম দেখেছি। আমরা নদীতে সময় দিচ্ছি, কিন্তু মাছ নেই। বিকল্প কোনো কাজও নেই। অনেক পরিবার এখন অনাহারে-অর্ধাহারে দিন কাটাচ্ছে। মৎস্য বিশেষজ্ঞরা বলেন, ইলিশের স্বাভাবিক চলাচল ও প্রজনন অনেক সময় নদীর পানির প্রবাহ, লবণাক্ততার পরিবর্তন, জলবায়ু পরিস্থিতি এবং অতিরিক্ত আহরণের ওপর নির্ভর করে। এ বছর বিভিন্ন পরিবেশগত কারণে ইলিশের গতিপথ পরিবর্তিত হতে পারে। নদীতে পর্যাপ্ত ইলিশ না আসার পেছনে এসব কারণ ভূমিকা রাখছে বলে ধারণা করা হচ্ছে। এ বিষয়ে কাউখালী উপজেলা মৎস্য অফিসার মো: হাফিজুর রহমান বলেন, ‘চলতি সময়ে জেলেদের প্রত্যাশা অনুযায়ী ইলিশ ধরা পড়ছে না, বিষয়টি আমরা পর্যবেক্ষণ করছি। নদীর পরিবেশগত পরিবর্তন, পানির প্রবাহ এবং মাছের চলাচলের ধরন বিশ্লেষণ করা হচ্ছে। জেলেদের দুর্ভোগের বিষয়টিও আমরা ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে জানিয়েছি। বিভিন্ন সময় সরকারিভাবে জেলেদের সহায়তা দেয়া হয়।’

নিয়োগ বিজ্ঞপ্তি

ওটরা বেগম মাজেদা লতিফ মহিলা দাখিল মাদরাসা, গ্রাম+পো: ওটরা, উজিরপুর, বরিশাল এ সরকারি সর্বশেষ বিধিমোতাবেক শূন্য পদে ০১ জন পরিচ্ছন্নতা কর্মী আবশ্যক। বিজ্ঞপ্তি প্রকাশের ১৫ দিনের মধ্যে আবেদন করতে হবে। পূর্বে যারা আবেদন করেছেন, তাদের নতুন করে আবেদন করার প্রয়োজন নেই।

-সুপারিন্টেনডেন্ট-

ঝালকাঠিতে পানির নিচে আমনের

টানা বৃষ্টিতে জেলার বিভিন্ন নিচু এলাকা, নদীতীরবর্তী কৃষিজমি ও গ্রামীণ সড়কে পানি জমে গেছে। জোয়ারের প্রভাবে সুগন্ধা ও বিষখালী নদীর পানি বেড়ে বিভিন্ন এলাকায় বেড়িবাঁধের কাছাকাছি পৌঁছে গেছে। অনেক স্থানে নদীর পানি ফসলি জমিতে প্রবেশ করায় কৃষকদের দুশ্চিন্তা আরও বেড়েছে। ঝালকাঠি জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের তথ্য অনুযায়ী, চলতি মৌসুমে জেলায় আমন ধানের বীজতলার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে ৩ হাজার ৪৩১ হেক্টর এবং আমন চাষের লক্ষ্যমাত্রা ৪৬ হাজার ৭৭২ হেক্টর। এরইমধ্যে ২ হাজার ২৬ হেক্টর জমিতে বীজতলা প্রস্তুত হয়েছে, যার বেশিরভাগই বর্তমানে পানির নিচে তলিয়ে রয়েছে। জেলার পিংড়ি এলাকার কৃষক লিটন হোসেন, আলমগীর হাওলাদার ও শহীদুল ইসলাম জানান, 'কয়েক দিনের টানা বৃষ্টিতে বীজতলা সম্পূর্ণ পানির নিচে চলে গেছে। পানি দ্রুত নেমে না গেলে এবং বৃষ্টি অব্যাহত থাকলে বীজতলা নষ্ট হয়ে যাবে। এতে নতুন করে বীজতলা তৈরি করতে অতিরিক্ত অর্থ ব্যয় করতে হবে। পাশাপাশি আমনের চারা রোপণে বিলম্ব হওয়ায় উৎপাদনেও নেতিবাচক প্রভাব পড়তে পারে।' এদিকে জেলায় বর্তমানে ৯ হাজার ৪৭৪ হেক্টর জমির আউশ ধান পরিপক্ব অবস্থায় রয়েছে। এখন পর্যন্ত বড় ধরনের ক্ষতির খবর না মিললেও টানা বৃষ্টি ও সম্ভাব্য বন্যা পরিস্থিতি সৃষ্টি হলে আউশ ধানও ক্ষতিগ্রস্ত হতে পারে বলে আশঙ্কা করছে কৃষি বিভাগ। কৃষি বিভাগ জানায়, বর্তমানে জেলায় ৭০ হেক্টর জমিতে হলুদ, ১৯ হেক্টর জমিতে মরিচ এবং ৩ হাজার ৫ হেক্টর জমিতে বিভিন্ন ধরনের শাকসবজির আবাদ রয়েছে। দীর্ঘস্থায়ী জলাবদ্ধতা দেখা দিলে এসব ফসলও ক্ষতির মুখে পড়তে পারে। ঝালকাঠি জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক আব্দুল্লাহ আল মামুন জানান, 'এ পর্যন্ত ২ হাজার ২৬ হেক্টর আমনের বীজতলা তৈরি হয়েছে, বর্তমান পরিস্থিতি অব্যাহত থাকলে বীজতলার ক্ষতি হওয়ার আশঙ্কা রয়েছে। কৃষকদের প্রয়োজনীয় পরামর্শ ও কারিগরি সহায়তা দিতে কৃষি বিভাগের কর্মকর্তারা নিয়মিত মাঠে কাজ করছেন। প্রাকৃতিক দুর্যোগে কোনো কৃষক ক্ষতিগ্রস্ত হলে সরকারি নীতিমালা অনুযায়ী সহায়তার ব্যবস্থা করা হবে।' কৃষি সংশ্লিষ্টরা বলছেন, বৃষ্টি ও পানি বৃদ্ধি দীর্ঘস্থায়ী হলে শুধু আমনের বীজতলাই নয়, জেলার সামগ্রিক কৃষি কার্যক্রম ব্যাহত হওয়ার আশঙ্কা রয়েছে। এতে উৎপাদন কমে যাওয়ার পাশাপাশি খাদ্যশস্যের সরবরাহেও নেতিবাচক প্রভাব পড়তে পারে। তাই পরিস্থিতি মোকাবিলায় কৃষকদের সতর্ক থাকার পাশাপাশি সরকারি সহায়তা ও নজরদারি জোরদারের দাবি জানিয়েছেন সংশ্লিষ্টরা।

টানা বর্ষণে পানিবন্দী

এতে হাজারও মানুষ পানিবন্দী হয়ে পড়েছেন। ব্যাহত হচ্ছে যোগাযোগ, বন্ধ হয়ে গেছে অনেক এলাকার স্বাভাবিক জনজীবন। সবচেয়ে বেশি দুর্ভোগে পড়েছেন দিনমজুর ও নিম্নআয়ের মানুষ। সবচেয়ে নাজুক পরিস্থিতি বিরাজ করছে বিচ্ছিন্ন দ্বীপ উপজেলা মনপুরায়। উপজেলার পাঁচ ইউনিয়নের বিভিন্ন গ্রাম, সড়ক ও কৃষিজমি হাঁটু থেকে কোমরসমান পানিতে ডুবে গেছে। কোথাও কোথাও তিন থেকে চার ফুট পর্যন্ত পানি জমে থাকায় ঘর থেকে বের হওয়াও কঠিন হয়ে পড়েছে। জলাবদ্ধতার কারণে দোকানপাট, ব্যবসা-বাণিজ্য ও দৈনন্দিন কর্মকাণ্ড কার্যত স্থবির হয়ে গেছে। কলাতলী ইউনিয়নের ঢালচর, কাজীরচর ও কলাতলী চরের নিম্নাঞ্চল, দক্ষিণ সাকুচিয়া ইউনিয়নের রহমানপুর, হাজিরহাট ইউনিয়নের দাসেরহাট ও চরযতিনের নিম্নাঞ্চল এবং সোনারচর গ্রামের পূর্ব ও পশ্চিম অংশে বৃষ্টির পানি জমে রয়েছে। এসব এলাকায় স্থানীয়দের চলাচল ও নিত্যপ্রয়োজনীয় কাজকর্ম মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে। হাজিরহাট ইউনিয়নের আমজাদ, সোলায়মান ও সানু মাঝি, দক্ষিণ সাকুচিয়ার ইলিয়াছ, উত্তর সাকুচিয়ার শাহরিয়ার ও নোমান এবং মনপুরা ইউনিয়নের সেরাজল ও আকবর অভিযোগ করেন, পর্যাপ্ত পানি নিষ্কাশনের ব্যবস্থা না রেখেই বিভিন্ন স্থানে বেড়িবাঁধ নির্মাণের কাজ চলায় বৃষ্টি হলেই জলাবদ্ধতা তৈরি হচ্ছে। দীর্ঘদিন ধরে একাধিক স্লুইসগেট অকেজো থাকায় খাল দিয়ে দ্রুত পানি নামতে পারছে না। ফলে বৃষ্টির পানি লোকালয়ে আটকে থেকে দুর্ভোগ আরও বাড়ছে। তারা দ্রুত স্লুইসগেট সংস্কার এবং কার্যকর পানি নিষ্কাশন ব্যবস্থা নিশ্চিত করার দাবি জানান। দৌলতখান উপজেলা বিএনপির তথ্য ও গবেষণা বিষয়ক সম্পাদক মীর গিয়াসউদ্দিন বলেন, উপজেলার চরপাতা ইউনিয়নের ৯ নম্বর ওয়ার্ডে জলাবদ্ধতায় সরকারি আশ্রয়ণ প্রকল্পের দুই হাজারের বেশি পরিবার পানিবন্দী হয়ে পড়েছে। স্থানীয়দের সহযোগিতায় পানি নিষ্কাশনের জন্য একটি বড় পাইপ স্থাপন করা হয়েছে। এতে ধীরে ধীরে পরিস্থিতির উন্নতি হবে বলে আশা করা হচ্ছে। স্থানীয়দের আশঙ্কা, বৃষ্টিপাত অব্যাহত থাকলে জলাবদ্ধতা আরও বিস্তৃত হয়ে নতুন নতুন এলাকা প্লাবিত হতে পারে। তারা দ্রুত পানি নিষ্কাশনের কার্যকর উদ্যোগ, অকেজো স্লুইসগেট মেরামত এবং ক্ষতিগ্রস্ত মানুষের জন্য জরুরি সহায়তা নিশ্চিত করতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের হস্তক্ষেপ কামনা করেছেন।

সাতদিনের প্রেমিককে ছাড়াতে গিয়ে

দাবি করেন, তিনি সঙ্গে করে প্রায় ৪২ লাখ টাকা সমমূল্যের ডলার এবং প্রেমিকার জন্য স্বর্ণের বার নিয়ে আসছেন। অভিযোগে বলা হয়, এরপর এক নারী নিজেকে কাস্টমস কর্মকর্তা পরিচয় দিয়ে তার সঙ্গে যোগাযোগ করেন। তিনি জানান, ইমরান বিমানবন্দরে কাস্টমসের হাতে আটক হয়েছেন। তাকে ছাড়িয়ে আনতে ৮০ হাজার টাকা দিতে হবে। অন্যথায় তাকে জেলে পাঠানো হবে এবং সঙ্গে থাকা ডলার ও সোনার বার জব্দ করা হবে। কথিত প্রেমিককে ছাড়িয়ে আনার আশায় লিমা নিজের কষ্টার্জিত ৮০ হাজার টাকা বিকাশের মাধ্যমে প্রতারকদের দেওয়া নম্বরে পাঠিয়ে দেন বলে অভিযোগে উল্লেখ করা হয়েছে। তবে টাকা পাঠানোর পরও ইমরানকে মুক্ত করা হয়নি। বরং আরও টাকা দাবি করে হোয়াটসঅ্যাপে যোগাযোগ করা হয়। পরবর্তীতে অতিরিক্ত অর্থের জন্য স্বজনদের কাছে সহায়তা চাইলে বিষয়টি নিয়ে সন্দেহের সৃষ্টি হয়। পরে তিনি বুঝতে পারেন, তিনি একটি প্রতারক চক্রের ফাঁদে পড়েছেন। এ ঘটনার পর গত ৫ জুলাই বরিশাল কোতোয়ালি মডেল থানায় প্রতারণার অভিযোগে জিডি করেন ভুক্তভোগী লিমা। তিনি বলেছেন, "হোয়াটসঅ্যাপে আমার সাথে ৭ দিনের পরিচয় ওই প্রতারকের। সে আমার সরল বিশ্বাসকে কাজে লাগিয়ে ৮০ হাজার টাকা হাতিয়ে নিয়েছে। সর্বশেষ আমি প্রতারণার বিষয়টি বুজতে পেরে থানায় অভিযোগ দায়ের করেছি।" বরিশাল কোতোয়ালি মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. আল মামুন উল ইসলাম বলেন, প্রতারণার বিষয়টি গুরুত্বের সঙ্গে তদন্ত করা হচ্ছে। তথ্য-উপাত্ত বিশ্লেষণ করে জড়িতদের শনাক্তে পুলিশ কাজ শুরু করেছে। তদন্ত শেষে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

দশ বছরে তিন বাহিনীকে আধুনিকায়নে

সম্পর্কিত সংসদীয় প্রশ্নোত্তর পর্বে সরকারের এই দূরদর্শী ও সুনির্দিষ্ট কর্মপরিকল্পনার বিস্তারিত তথ্য জানান প্রধানমন্ত্রী ও সংসদ নেতা তারেক রহমান। সংসদ নেতা বলেন, বাংলাদেশ সেনাবাহিনীর সামগ্রিক যুদ্ধ সক্ষমতা বহুগুণ বৃদ্ধির লক্ষ্যে ৩ বছর মেয়াদি এবং পরবর্তী ৭ বছর মেয়াদি দুটি বিশেষ পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এই দীর্ঘমেয়াদি পরিকল্পনার আওতায় সেনাবাহিনীতে অত্যাধুনিক ট্যাংক ও সাঁজোয়া যুদ্ধযান সংযোজন করে স্থলযুদ্ধ সক্ষমতাকে আন্তর্জাতিক মানে উন্নীত করা হবে। একই সঙ্গে দূরপাল্লায় নিখুঁত ও নির্ভুল আঘাত হানার সক্ষমতা অর্জনের জন্য আধুনিক আর্টিলারি, শক্তিশালী রকেট ব্যবস্থা এবং আধুনিক ট্যাংক বিধ্বংসী অস্ত্র যুক্ত করার প্রক্রিয়া চলমান রয়েছে। দেশের আকাশসীমাকে সম্পূর্ণ সুরক্ষিত রাখতে সেনাবাহিনীতে স্বল্প ও মধ্যম পাল্লার অত্যাধুনিক আকাশ প্রতিরক্ষা ব্যবস্থা বা সারফেস-টু-এয়ার মিসাইল সিস্টেম সংযোজন করা হচ্ছে। এছাড়া আধুনিক যুদ্ধের অন্যতম প্রধান হাতিয়ার হিসেবে গোয়েন্দা তথ্য সংগ্রহ, সার্বক্ষণিক পর্যবেক্ষণ ও রণক্ষেত্রের পরিস্থিতি দ্রুত অনুধাবনের জন্য সেনাবাহিনীতে মনুষ্যবিহীন আকাশযান বা আনম্যান্ড এরিয়াল ভেহিকল এবং কাউন্টার-ইউএভি ব্যবস্থা ও আধুনিক নজরদারি প্রযুক্তি যুক্ত করা হবে। এর পাশাপাশি বিমানে করে ঝটিকা অভিযান পরিচালনা, আকাশপথে দ্রুত সৈন্য ও ভারী সামরিক সরঞ্জাম স্থানান্তর এবং নদীপথে কৌশলগত পরিবহনের বিশেষ সক্ষমতা অর্জনের মাধ্যমে বাংলাদেশ সেনাবাহিনীর কৌশলগত ও অপারেশনাল গতিশীলতা আরও সুদৃঢ়? করার সুনির্দিষ্ট উদ্যোগ নেওয়া হয়েছে। সরকার প্রধান জানান, যেকোনো আকস্মিক সংকটকালীন পরিস্থিতিতে সেনাবাহিনীর যুদ্ধ স্থায়িত্ব ও অপারেশনাল কার্যকারিতা দীর্ঘ সময় টিকিয়ে রাখার জন্য ব্যাপক প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। এর অংশ হিসেবে যুদ্ধকালীন প্রয়োজনীয়তা ও দীর্ঘমেয়াদি যুদ্ধ পরিচালনা সক্ষমতা নিশ্চিত করতে বিভিন্ন প্রকার আধুনিক সমরাস্ত্র এবং গোলাবারুদের বিশাল মজুদ গড়ে তোলার পরিকল্পনা নেওয়া হয়েছে। এর আওতায় আর্টিলারি গোলাবারুদ, এমএলআরএস রকেট, ট্যাংকের উন্নত গোলাবারুদ এবং অ্যান্টি-ট্যাংক গাইডেড মিসাইলসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ সামরিক উপকরণের প্রয়োজনীয় রিজার্ভ বা মজুদ নিশ্চিত করা হবে। যেন যেকোনো দেশের যেকোনো আগ্রাসন বা প্রতিকূল পরিস্থিতিতে বাহিনী স্বয়ংসম্পূর্ণভাবে লড়াই চালিয়ে যেতে পারে। তিনি বলেন, দেশের বিশাল সমুদ্রসীমার সার্বভৌমত্ব রক্ষা, জাতীয় নিরাপত্তা নিশ্চিতকরণ এবং সমুদ্রে সি সার্ভেইল্যান্স বা নজরদারি বৃদ্ধির লক্ষ্যে বাংলাদেশ নৌবাহিনীকে একটি আধুনিক, দক্ষ ও যুগোপযোগী ত্রিমাত্রিক বাহিনীতে রূপান্তরের কার্যক্রম পূর্ণ গতিতে এগিয়ে চলছে। বর্তমানে নৌবাহিনীর সারফেস ফ্লিটের দায়িত্বপ্রাপ্ত আধুনিক জাহাজসমূহ এবং বিশেষ আকাশযানগুলো বঙ্গোপসাগরে সার্বক্ষণিক নজরদারি ও টহল কার্যক্রম পরিচালনা করছে। ভবিষ্যতে নৌবাহিনীর এই সক্ষমতা আরও বাড়াতে বহরে যুক্ত করা হচ্ছে অত্যাধুনিক ফ্রিগেট, করভেট, অফশোর প্যাট্রোল ভেসেল শ্রেণির আধুনিক যুদ্ধজাহাজ এবং সাবমেরিন। সমুদ্রের সুরক্ষায় আধুনিক প্রযুক্তির অংশ হিসেবে বিভিন্ন ধরনের মনুষ্যবিহীন প্ল্যাটফর্ম বা ড্রোন নৌবাহিনীতে সংযোজন করা হবে। নৌবাহিনীর কৌশলগত অবস্থান ও সক্ষমতা বাড়াতে নতুন নতুন নৌঘাঁটি নির্মাণ এবং বিদ্যমান ঘাঁটিসমূহের আধুনিক অবকাঠামোগত উন্নয়ন করা হচ্ছে। নৌবাহিনীর কর্মকর্তা ও নাবিকদের আন্তর্জাতিক মানের উন্নত প্রশিক্ষণ নিশ্চিত করতে মানবসম্পদ উন্নয়ন, বৈশ্বিক সহযোগিতা বৃদ্ধি এবং বন্ধুপ্রতীম দেশগুলোর সঙ্গে যৌথ সামরিক মহড়া সম্প্রসারণের পরিকল্পনাও এই মহাপরিকল্পনার অন্তর্ভুক্ত রয়েছে। তারেক রহমান বলেন, দেশের আকাশসীমার নিরাপত্তা নিশ্চিত করতে 'ফোর্সেস গোল-২০৩০' এর আওতায় বাংলাদেশ বিমান বাহিনীকে আধুনিক প্রযুক্তির চতুর্থ প্রজন্মের মাল্টি রোল কম্ব্যাট এয়ারক্রাফট বা এমআরসিএ, শক্তিশালী ফাইটার এয়ারক্রাফট এবং আধুনিক সমরাস্ত্রে সজ্জিত অ্যাটাক হেলিকপ্টার দিয়ে সুসজ্জিত করা হচ্ছে। একইসঙ্গে যুক্ত হচ্ছে ভিআইপি হেলিকপ্টার, অ্যান্টি-ড্রোন সিস্টেম, অত্যাধুনিক ইউএভি সিস্টেম এবং ইলেকট্রনিক ওয়ারফেয়ার সিস্টেম। এছাড়া শত্রু পক্ষের রাডার ও যোগাযোগ ব্যবস্থাকে ফাঁকি দিতে কিংবা শনাক্ত করতে প্যাসিভ ডিটেকশন সিস্টেম এবং আকাশ প্রতিরক্ষাকে অভেদ্য করতে মিডিয়াম রেঞ্জ সারফেস টু এয়ার মিসাইল বা এমএসএএম সিস্টেম ও লং রেঞ্জ এয়ার ট্রাফিক সার্ভিস রাডার সংযোজনের পরিকল্পনা নেওয়া হয়েছে। দেশের আকাশ প্রতিরক্ষা ব্যবস্থা ও অত্যাধুনিক নজরদারি প্রযুক্তি সংযোজনের বিষয়টিকে জাতীয় গুরুত্বপূর্ণ বিষয় বিবেচনা করে 'ফাস্ট ট্র্যাক' প্রক্রিয়ায় অতি দ্রুত বাস্তবায়নের বিশেষ উদ্যোগ নেওয়া হয়েছে। ক্ষা ক্ষেত্রে সম্পূর্ণ আত্মনির্ভরতা অর্জনের লক্ষ্যে বিদেশি প্রযুক্তির ওপর নির্ভরতা কমিয়ে দেশীয় উৎপাদন সক্ষমতা বৃদ্ধির এক ঐতিহাসিক উদ্যোগ নিয়েছে সরকার। এরই অংশ হিসেবে বড় ধরনের প্রযুক্তি স্থানান্তরের মাধ্যমে বৃহত্তর বগুড়াতে বিমান বাহিনীর তত্ত্বাবধানে একটি আধুনিক ইউএভি বা ড্রোন ম্যানুফ্যাকচারিং প্ল্যান্ট স্থাপনের কার্যক্রম ইতোমধ্যে শুরু হয়েছে। পাশাপাশি স্বনির্ভর 'মেইড ইন বাংলাদেশ' প্রতিরক্ষা শিল্প গড়ে তোলার লক্ষ্যে একটি যুগোপযোগী দেশীয় প্রতিরক্ষা শিল্পনীতি প্রণয়নের কাজ চলমান রয়েছে, যা দেশীয় শিল্পের স্বনির্ভরতার পথরেখা নির্ধারণ করবে। এই মহাপরিকল্পনার আলোকে স্থানীয় প্রতিরক্ষা শিল্প নির্মাণের জন্য দেশের একটি নির্দিষ্ট অঞ্চলে আলাদা 'ডিফেন্স ইন্ডাস্ট্রিয়াল জোন' বা সামরিক শিল্পাঞ্চল স্থাপনের পরিকল্পনা সরকারের সক্রিয় বিবেচনাধীন রয়েছে। তিনি বলেন, বর্তমানে দেশীয় পর্যায়ে বিভিন্ন সামরিক উৎপাদন, মেরামত ও রক্ষণাবেক্ষণ প্রতিষ্ঠানের সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে বিভিন্ন ধরনের গোলাবারুদ, উচ্চ ক্ষমতাসম্পন্ন বিস্ফোরক দ্রব্য, ক্ষুদ্র অস্ত্রের বিভিন্ন উপকরণ, সামরিক যানবাহনের প্রয়োজনীয় যন্ত্রাংশ, আধুনিক যোগাযোগ সরঞ্জাম, পোশাক এবং সুরক্ষা সামগ্রী উৎপাদন ও সংযোজন কার্যক্রম সফলভাবে পরিচালিত হচ্ছে। ভবিষ্যতে দেশেই ফিউজ ও প্রাইমার, আধুনিক অ্যাসল্ট রাইফেল, অ্যান্টি-ট্যাংক গাইডেড মিসাইল, বুলেটপ্রুফ জ্যাকেট এবং উচ্চমানের হেলমেটসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ সামরিক সরঞ্জামের উৎপাদন অবকাঠামো ও প্রযুক্তিগত সক্ষমতা গড়ে তোলা হবে। এর ফলে বিপুল পরিমাণ বৈদেশিক মুদ্রার সাশ্রয় হওয়ার পাশাপাশি দেশের নিজস্ব প্রতিরক্ষা শিল্পের বিকাশ ঘটবে এবং দীর্ঘমেয়াদে সামরিক সরঞ্জাম সরবরাহ ব্যবস্থার স্থায়ী নিরাপত্তা নিশ্চিত হবে। এই লক্ষ্যে দেশের শীর্ষস্থানীয় বিশ্ববিদ্যালয়, গবেষণা প্রতিষ্ঠান এবং শিল্পখাতের সঙ্গে সশস্ত্র বাহিনীর সমন্বিত সহযোগিতার পরিবেশ তৈরি করা হচ্ছে, যেন দক্ষ প্রকৌশলী, বিজ্ঞানী ও প্রযুক্তিবিদ তৈরির মাধ্যমে উন্নত ড্রোন প্রযুক্তি, আধুনিক সেন্সর ব্যবস্থা ও ইলেকট্রনিক্স তৈরিতে দেশ স্বয়ংসম্পূর্ণ হতে পারে।

চরফ্যাশনে ৩০ লাখের বিনিময়ে

ওয়েবসাইটে আজ প্রকাশিত মে/ ২০২৬ এর এমপিও পর্যালোচনা করে দেখা যায় গবেষনাগার পদে আতিকুর রহমান যার ইনডেক্স নং ০০৮১৩৬৩ ল্যাব সহকারী পদে সায়মা বেগম যার ইনডেক্স নং ০০৮১৩৬৪ ও আয়া পদে নিছা বেগম যার ইনডেক্স নং ০০৮১১৪৬১ গায়েবীভাবে এমপিওভুক্ত হয়েছেন। যাতে করে শিক্ষক কর্মচারী ও কমিটির সদস্যদের অভিযোগের সত্যতা পাওয়া যায়। যাদেরকে মাদ্রাসা ছাত্র-ছাত্রী, কর্তৃপক্ষ বা এলাকার কেউ আজও চিনেন না। মাদ্রাসা শিক্ষক ও কমিটির সদস্য সায়েম জানান, ভুয়া এমপিওভুক্ত তিন কর্মচারীদের তারা কখনো দেখেনি তাদের কোন নিয়োগ হয়নি। সকল নিয়োগে মহাপরিচালক মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর মহোদয়ের প্রতিনিধি থাকার কথা থাকলেও সবকিছুই জালিয়াতির মাধ্যমে করা হয়েছে। মাদ্রাসাটির সহ-সুপার মমিনুল ইসলাম জানান, অত্র মাদ্রাসাটি দীর্ঘদিন যাবত এডহক কমিটি কর্তক পরিচালিত এডহক কমিটি কোন নিয়োগ দিতে পারে না। মাদ্রাসায় যে তিনজন কর্মচারী এমপিওভুক্ত হয়েছে মর্মে মে মাসের এমপিওতে তাদের নাম দেখা যাচ্ছে উক্ত কর্মচারীদের নিয়োগ সম্পূর্ণ জাল জালিয়াতির মাধ্যমে সুপার করেছেন। তাদের নিয়োগের সাথে প্রতিষ্ঠানের কোন সম্পর্ক নাই। জনবল কাঠামো মোতাবেক ল্যাব অপারেটর ও ল্যাব সহকারী/ গবেষণাগার নিয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট মাদ্রাসায় নবম শ্রেণীতে বিজ্ঞান শাখা চলমান ও কম্পিউটার ল্যাব থাকার শর্ত বিদ্যমান থাকলেও অত্র মাদ্রাসায় নবম শ্রেণীতে বিজ্ঞান শাখা নেই, নেই কোন সরকারি ল্যাব। মাদ্রাসার সভাপতি আব্দুল আহাদ মিয়া জানান, অত্র মাদরাসায় কর্মচারী নিয়োগের কোন সাক্ষাৎকার অনুষ্ঠিত হয়নি। মাদ্রাসার প্রধান বিভিন্ন সময় বিভিন্ন রেজুলেশন লিখে নিয়ে আসে আমি স্বাক্ষর প্রদান করি তবে এ কর্মচারীদের নিয়োগের কোন নিয়োগ পরীক্ষা অনুষ্ঠিত হয়নি এবং উপজেলা শিক্ষা অফিসার অথবা মাদ্রাসা অধিদপ্তর থেকে কোন প্রতিনিধি মাদ্রাসায় আসেনি। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মীর একেএম আবুল খায়ের জানান, আমি উক্ত মাদ্রাসার কোন কর্মচারী নিয়োগ বোর্ডের সদস্য ছিলাম না এবং কর্মচারীর কোন নিয়োগ বোর্ডের আমি স্বাক্ষর দেইনি। ৫/৭ মাস পূর্বে ওই প্রতিষ্ঠানের কিছু শিক্ষক এমন অভিযোগ নিয়ে উপজেলা নির্বাহী কর্মকর্তা এবং আমার কাছে আসছিলো। আমার হাতে কোন ফাইল যাবে না মর্মে তাদেরকে বলেছি? যদি মাদ্রাসার প্রধান জাল জালিয়াতি করে থাকে মাদ্রাসা অধিদপ্তর তদন্তপূর্বক ব্যবস্থা নেবে। গায়েবীভাবে এমপিওভুক্ত হওয়া আতিকুর রহমান সায়মা বেগম ও নিছা বেগমের সাথে আলাপ কালে তারা জানান, এক বছর আগেই তারা মাদ্রাসার প্রধান কে নিয়োগ প্রক্রিয়ার সকল খরচ ও মাদরাসার উন্নয়নের জন্য ১০ লক্ষ টাকা করে ৩০ লক্ষ টাকা প্রদান করেছেন। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস অথবা মাদ্রাসায় তাদের নিয়োগ পরীক্ষা হয়েছে কিনা জানতে চাইলে তারা বলেন, আনুষ্ঠানিকভাবে তাদের কোন নিয়োগ পরীক্ষা অনুষ্ঠিত হয়নি। তবে আরো এক বছর পূর্বে তাদের বেতন ভাতা হওয়ার কথা থাকলেও সুপারের কারণে এক বছর পরে তাদের এমপিও হয়েছে বলে তারা জানান। মাদ্রাসার সুপার ও উপজেলা আওয়ামী ওলামালীগ সহ-সভাপতি নূরনবী জানান, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের প্রতিনিধি, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও কমিটির যথাযথ স্বাক্ষরের মাধ্যমেই এই তিন কর্মচারীর নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের মাধ্যমে অনলাইনে মাদ্রাসা অধিদপ্তরে কাগজপত্র প্রেরণের করে। মাদরাসা অধিদপ্তর তাদের নিয়োগ প্রক্রিয়া যথাযথ থাকায় চলতি বছরের মে মাসে তাদেরকে এমপিও ভুক্ত করে। জনবল কাঠামো মোতাবেক এদের নিয়োগের ক্ষেত্রে মাদ্রাসাটির নবম শ্রেণীতে বিজ্ঞান শাখা ও সরকারি ল্যাব থাকার শর্ত থাকলেও এসব না থাকা অবস্থায় তিনি এ কর্মচারীদের কিভাবে নিয়োগ দিলেন জানতে চাইলে তিনি বলেন মাদ্রাসা অধিদপ্তরের প্রতিনিধি এগুলো জেনেই নিয়োগ দিয়েছেন। অপরদিকে নিয়োগকৃতদের থেকে ১০ লক্ষ টাকা করে মাদ্রাসার উন্নয়ন বাবদ ৩০ লক্ষ টাকা নিয়োগের বিষয়টি তিনি অস্বীকার করেন। মাদ্রাসা অধিদপ্তরের সহকারি পরিচালক অর্থ ও এমপিও যাচাই এবং অনুমোদন কমিটির সদস্য সচিব মোঃ শুকুর আলম মজুমদার জানান, বিষয়টি আমি অবহিত হয়েছি তদন্তপূর্বক অতি দ্রুত ব্যবস্থা নেব। মাদ্রাসা অধিদপ্তরের আইন শাখার সহকারি পরিচালক ইসমাইল হোসেন জানান এই জালিয়াতির বিষয়টি আমরা অবহিত হয়েছি। অতি দ্রুত তদন্তপূর্বক জালিয়াতি মুল হোতার বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা নেওয়া হবে। মাদ্রাসাটিতে এই তিনজন কর্মচারীর ভুয়া নিয়োগ হয়েছে মর্মে দীর্ঘদিন যাবত এলাকায় চাউর হলেও মাদরাসা অধিদপ্তর কর্তৃক সারাদেশের শিক্ষক কর্মচারীদের বেতন দিতে বিলম্ব হওয়ায় তখন বিষয়টির সত্যতা খুঁজে পাওয়া যায়নি। আজ অধিদপ্তর কর্তৃক মাদ্রাসা শিক্ষক কর্মচারীদের মে ও জুন মাসের বেতন ছাড় করা হলে ওয়েবসাইটে প্রকাশিত এমপিওতে তাদের নাম উল্লেখ থাকায় গায়েবী নিয়োগের বিষয়টি মাদ্রাসার শিক্ষক কমিটির সদস্যদের মধ্যে আলোচনার ঝড় সৃষ্টি করে।

যুক্তরাষ্ট্রকে সহায়তা করলে যে

হিসেবে বিবেচনা করা হবে। ইরানের সশস্ত্র বাহিনীর প্রধান কমান্ড ইউনিট 'খাতাম আল-আম্বিয়া সেন্ট্রাল হেডকোয়ার্টার্স' থেকে এই সতর্কবার্তা দেওয়া হয়েছে। দেশটির আধা-সরকারি বার্তা সংস্থা তাসনিম নিউজ এজেন্সিতে এই সংক্রান্ত একটি বিবৃতি প্রকাশিত হয়। বিবৃতিতে খাতাম আল-আম্বিয়া সেন্ট্রাল হেডকোয়ার্টার্স স্পষ্ট ভাষায় জানায়, ইসলামী প্রজাতন্ত্র ইরানের সার্বভৌমত্ব ও ভূখণ্ডের বিরুদ্ধে মার্কিন সেনাবাহিনী কোনো আগ্রাসন চালালে, তাদের সহায়তাকারীদের ছাড় দেওয়া হবে না। আক্রমণাত্মক মার্কিন বাহিনীকে যে কোনো উৎস থেকে দেওয়া সমর্থন বা সহযোগিতাকে ইরানি সশস্ত্র বাহিনীর জন্য বৈধ লক্ষ্যবস্তু হিসেবে গণ্য করা হবে। সাম্প্রতিক সময়ে মার্কিন বাহিনীর সাথে ইরানের তীব্র সামরিক উত্তেজনা চলছে। এমন পরিস্থিতিতে ইরানের এই ঘোষণা মধ্যপ্রাচ্যের আঞ্চলিক রাজনীতি এবং নিরাপত্তা ব্যবস্থায় নতুন করে উদ্বেগ তৈরি করেছে।

একাধিক বিস্ফোরণে কেঁপে

বিস্ফোরণ নিয়ে সংবাদ প্রকাশ করেছে মেহর নিউজ এজেন্সি। প্রতিবেদনে বলা হয়েছে, বুশেহর এবং পার্শ্ববর্তী এলাকাজুড়ে বিস্ফোরণের শব্দ শোনা গেলেও তাৎক্ষণিকভাবে এর কারণ সম্পর্কে কোনো বিস্তারিত তথ্য জানানো হয়নি। এর আগে মার্কিন সামরিক বাহিনী জানায়, ইরানের বিরুদ্ধে নতুন দফায় ৮০টিরও বেশি লক্ষ্যবস্তুতে হামলা করা হয়েছে। যুক্তরাষ্ট্রের দাবি, হরমুজ প্রণালি দিয়ে চলাচলকারী বাণিজ্যিক জাহাজে ইরানের হামলার জবাব হিসেবে এসব অভিযান পরিচালনা করা হয়েছে। অন্যদিকে, ইরানের ইসলামিক রেভল্যুশনারি গার্ড কর্পস (আইআরজিসি) জানিয়েছে, তারা ক্ষেপণাস্ত্র ও ড্রোন ব্যবহার করে ৮৫টি মার্কিন সামরিক স্থাপনায় হামলা চালিয়েছে। তাসনিম নিউজ এজেন্সির খবরে বলা হয়, লক্ষ্যবস্তুর মধ্যে ছিল বাহরাইনে মার্কিন নৌবাহিনীর পঞ্চম নৌবহরের সদর দপ্তর, সালমান বন্দর এবং কুয়েতের আলি আল-সালেম বিমানঘাঁটি। মার্কিন সেন্ট্রাল কমান্ড (সেন্টকম) এক বিবৃতিতে জানায়, হরমুজ প্রণালিতে বাণিজ্যিক জাহাজের ওপর ইরানি হামলার তাৎক্ষণিক প্রতিক্রিয়া হিসেবে এসব বিমান হামলা চালানো হয়েছে।

নদীভাঙনে ঝুঁকিতে স্কুল ও সড়ক

হচ্ছে, তেমনি পথচারীদেরও দুর্ভোগ বাড়ছে। স্থানীয়দের অভিযোগ, নারী, শিশু, বয়স্ক ব্যক্তি ও অসুস্থ রোগীদের এই সড়ক দিয়ে চলাচলে সবচেয়ে বেশি ভোগান্তি পোহাতে হয়। পিচ্ছিল কাদায় পিছলে ইতোমধ্যে কয়েকজন নদীতে পড়ে আহত হয়েছেন বলেও দাবি করেন তারা। সবচেয়ে বেশি দুর্ভোগে পড়ছে গাওখালী স্কুল অ্যান্ড কলেজের শিক্ষার্থীরা। প্রতিদিন শত শত শিক্ষার্থী এই সড়ক ব্যবহার করে বিদ্যালয় ও কলেজে যাতায়াত করে। বর্ষা মৌসুমে কাদা ও ভাঙনের কারণে নিরাপদে চলাচল কঠিন হয়ে পড়েছে। এতে অভিভাবকদের মধ্যেও উদ্বেগ বাড়ছে। স্থানীয়দের ভাষ্য, সড়কটির দক্ষিণ পাশে নাজিরপুরের গুরুত্বপূর্ণ গাওখালী বাজার এবং উত্তর দিকে দেউলবাড়ী-দোবড়া ইউনিয়ন পরিষদ। পাশাপাশি উত্তরাঞ্চলের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান, ব্যবসাপ্রতিষ্ঠান ও আবাসিক এলাকার মানুষের অন্যতম যোগাযোগপথ এটি। প্রতিদিন হাজারো মানুষ এ সড়ক ব্যবহার করলেও দীর্ঘদিন ধরে সংস্কার বা নদীভাঙন প্রতিরোধে কার্যকর কোনো উদ্যোগ নেওয়া হয়নি। এলাকাবাসীর দাবি, দ্রুত সড়কটি সংস্কার, টেকসইভাবে পুনর্নির্মাণ এবং নদীভাঙন প্রতিরোধে স্থায়ী ব্যবস্থা নেওয়া না হলে বর্ষা মৌসুমে বড় ধরনের দুর্ঘটনা ঘটতে পারে। এ বিষয়ে নাজিরপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) সাজিয়া শাহনাজ তমা বলেন, উপজেলা প্রকৌশল দপ্তর জানিয়েছে, সড়কটির উন্নয়ন প্রকল্পের প্রস্তাব অনেক আগেই স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরে (এলজিইডি) পাঠানো হয়েছে।

বিশ্বকাপের মধ্যেই আর্জেন্টিনা

এলএলসির বিরুদ্ধে। আন্তর্জাতিক স্পোর্টস মার্কেটিং ও ইভেন্ট ম্যানেজমেন্টের এ প্রতিষ্ঠানটি বিদেশে আর্জেন্টিনা ফুটবল অ্যাসোসিয়েশনের বাণিজ্যিক আয় ও বিপণন-সংক্রান্ত আর্থিক কার্যক্রম পরিচালনা করত। গোপন ব্যাংকিং নথির তথ্যের ভিত্তিতে লা নাসিওন দাবি করেছে, এএফএর অন্তত ৪ কোটি ২০ লাখ মার্কিন ডলার কয়েকটি শেল কোম্পানির মাধ্যমে স্থানান্তর করা হয়েছে। অভিযোগ রয়েছে, এসব প্রতিষ্ঠানের কোনো কর্মচারী বা দৃশ্যমান বাণিজ্যিক কার্যক্রম ছিল না। তদন্তকারীরা বর্তমানে ক্রীড়া ব্যবসার সঙ্গে সংশ্লিষ্ট ব্যক্তি ও গুরুত্বপূর্ণ সাক্ষীদের জিজ্ঞাসাবাদ করছেন। এর অংশ হিসেবে আর্জেন্টাইন ফুটবলভিত্তিক ব্যবসায়ী গিয়ের্মো তোফোনির সঙ্গে প্রায় তিন ঘণ্টার একটি ভার্চুয়াল বৈঠকও হয়েছে বলে প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে। যদিও তিনি বৈঠকের বিষয়টি নিশ্চিত বা অস্বীকার করেননি। এ ছাড়া তদন্তে আর্জেন্টিনার প্রেসিডেন্ট হাভিয়ের মিলেই সরকারের কয়েকজন সাবেক কর্মকর্তাকেও সাক্ষ্য দেওয়ার জন্য ডাকার বিষয়টি বিবেচনা করছে যুক্তরাষ্ট্রের বিচার বিভাগ। তদন্তকারীদের ধারণা, এসব কর্মকর্তা এএফএর কার্যক্রম সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্যের নাগাল পেয়েছিলেন। লা নাসিওন জানিয়েছে, গত বছরই যুক্তরাষ্ট্রে এই তদন্তের প্রস্তুতি শুরু হয়। তদন্ত পরিচালনা করছেন ওয়াশিংটন ডিসি ও ফ্লোরিডার অন্তত তিনজন ফেডারেল প্রসিকিউটর। তাদের মধ্যে রয়েছেন ব্যাংকিং ও আর্থিক অপরাধ তদন্তে অভিজ্ঞ কর্মকর্তারাও। প্রতিবেদন অনুযায়ী, ট্যুরপ্রডএন্টার এলএলসির মালিক হাভিয়ের ফারোনি ও তার স্ত্রী এরিকা জিলেট যুক্তরাষ্ট্রের পাঁচটি ব্যাংকের মাধ্যমে শত শত মিলিয়ন ডলারের লেনদেন পরিচালনা করেছেন। ব্যাংকগুলো হলো সিটিব্যাংক, সিনোভাস, ব্যাংক অব আমেরিকা, জেপি মরগ্যান এবং পিএনসি ব্যাংক। এসব হিসাবের মাধ্যমে এএফএর অন্তত ২৬ কোটি মার্কিন ডলারের আয় পরিচালিত হয়েছে বলে দাবি করা হয়েছে। তবে অর্থের একটি বড় অংশের অর্থনৈতিক যৌক্তিকতার স্পষ্ট ব্যাখ্যা তদন্তকারীরা এখনো পাননি। প্রতিবেদনে আরও বলা হয়েছে, অ্যাডিডাস ও ওয়ার্নারের মতো বহুজাতিক প্রতিষ্ঠানের সঙ্গে এএফএর আন্তর্জাতিক চুক্তি থেকে পাওয়া অর্থও ট্যুরপ্রডএন্টার এলএলসির মাধ্যমে পরিচালিত হয়েছে। চুক্তি অনুযায়ী, কর পরিশোধের পর আন্তর্জাতিক আয়ের ৩০ শতাংশ এবং অতিরিক্ত ১০ শতাংশ লজিস্টিক কমিশন পেয়েছে প্রতিষ্ঠানটি। এসব আর্থিক নথিই বর্তমানে যুক্তরাষ্ট্রের বিচার বিভাগ ও এফবিআই বিশ্লেষণ করছে। অন্যদিকে সব অভিযোগ অস্বীকার করেছে আর্জেন্টিনা ফুটবল অ্যাসোসিয়েশন। সংস্থাটি বলেছে, ট্যুরপ্রডএন্টার এলএলসির সঙ্গে তাদের বৈধ ও কার্যকর চুক্তি রয়েছে এবং সেটি আর্জেন্টিনা ও যুক্তরাষ্ট্রের আদালতে উপস্থাপন করা হয়েছে। কোথাও কোনো অনিয়ম পাওয়া যায়নি। এএফএর দাবি, তাদের বিরুদ্ধে আনা অভিযোগ এবং প্রকাশিত প্রতিবেদনগুলো দেশের ফুটবল প্রশাসনকে অস্থিতিশীল করার উদ্দেশ্যে পরিচালিত একটি রাজনৈতিক প্রচারণার অংশ। বিশ্বকাপ চলাকালীন এই তদন্ত আর্জেন্টিনা ফুটবলকে নতুন বিতর্কের মুখে ফেলেছে। তবে এখন পর্যন্ত এটি প্রাথমিক তদন্ত পর্যায়ে রয়েছে। যুক্তরাষ্ট্রের বিচার বিভাগ এখনো এ বিষয়ে আনুষ্ঠানিক কোনো অভিযোগ দায়ের করেনি বা তদন্তের ফলাফল প্রকাশ করেনি।

মঠবাড়িয়ায় প্রবাসীর স্ত্রীর চাঁদাবাজি

গেছে, শহরের ৫৬নং মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয় সম্মুখ জনৈক মনির হোসেনের বাসায় দুই সন্তানের জননী সুমি আক্তার ভাড়াটিয়া হিসেবে বসবাস করে আসছেন। সোমবার সন্ধ্যায় মোঃ ইমন হোসেন নামে তার এক আত্মীয় সুমির বাসায় বেড়াতে আসেন। পরে মঙ্গলবার ইলিয়াস ইমনকে আটক করে সুমির সাথে অবৈধ সম্পর্ক আছে বলে এক লাখ টাকা চাঁদা দাবী করেন। দাবীকৃত চাঁদার টাকা দিতে সুমি অস্বীকৃতি জানালে ইলিয়াস অজ্ঞাতনামা ব্যক্তিদের সহায়তায় ইমনকে নির্জনস্থানে নিয়ে যায়। পরবর্তীতে ইমনকে ভয়ভীতি প্রদর্শন করলে তার বড় ভাইয়ের কাছে থেকে বিকাশের মাধ্যমে ৩০ হাজার টাকা এনে ইলিয়াসকে দেন। এঘটনায় প্রবাসীর স্ত্রী দুই সন্তানের জননী সুমি আক্তার বাদী হয়ে মঙ্গলবার রাতে ইলিয়াস সহ অজ্ঞাতনামা ৩জনকে আসামি করে একটি চাঁদাবাজি মামলা দায়ের করেন। মঠবাড়িয়া থানার অফিসার ইনচার্জ মো: রবিউল ইসলাম জানান, দুই সন্তানের জননী ও প্রবাসীর স্ত্রী সুমি আক্তারের কাছে চাঁদাদাবী ও তার স্বজনকে নির্জনস্থানে নিয়ে চাঁদা আদায়ের ঘটনায় ইলিয়াস নামে এক যুবকের বিরুদ্ধে মঙ্গলবার রাতে থানায় একটি মামলা হয়েছে। পুলিশ বুধবার দুপুরে উপজেলার বড় মাছুয়া এলাকায় অভিযান চালিয়ে যুবক ইলিয়াসকে গ্রেফতার করেছে। মামলার তদন্তকারী কর্মকর্তা মঠবাড়িয়া থানার সাব-ইন্সপেক্টর মোঃ রবিউল ইসলাম জানান, গ্রেফতারকৃত ইলিয়াসকে বুধবার দুপুরেই আদালতে সোপর্দ করা হয়েছে।

টানা পাঁচ দিনের বৃষ্টিতে

বৃষ্টিতে জেলার বিভিন্ন খাল-বিল পানিতে ভরে গেছে। অনেক এলাকায় জলাবদ্ধতার সৃষ্টি হয়েছে। এখনো ঘন মেঘে ঢাকা রয়েছে উপকূলের আকাশ। একই সঙ্গে কুয়াকাটা সংলগ্ন বঙ্গোপসাগরও উত্তাল রয়েছে। আবহাওয়া অফিস সূত্রে জানা গেছে, উপকূলীয় এলাকায় আরও বৃষ্টি, বজ্রসহ বৃষ্টি এবং দমকা বা ঝোড়ো হাওয়া বয়ে যেতে পারে। এ কারণে পায়রা, চট্টগ্রাম, কক্সবাজার ও মোংলা সমুদ্রবন্দরকে ৩ নম্বর স্থানীয় সতর্কসংকেত দেখিয়ে যেতে বলা হয়েছে। একই সঙ্গে মাছ ধরার সব ট্রলারকে উপকূলের কাছাকাছি থেকে সতর্কতার সঙ্গে চলাচলের নির্দেশনা দেওয়া হয়েছে। মহিপুর মৎস্য আড়ৎ সমবায় মালিক সমিতির সাবেক সভাপতি মো. দিদার উদ্দিন আহম্মেদ মাসুম বলেন, বৈরী আবহাওয়ার কারণে সমুদ্রে থাকা সব মাছ ধরার ট্রলার নিরাপদে শিব্বারিয়া পোতাশ্রয়ে আশ্রয় নিয়েছে।

আর্জেন্টিনা-মিশর ম্যাচ

আর্জেন্টিনার সমর্থকেরাও পাল্টা হাস্যরস করলে উভয় পক্ষের মধ্যে উত্তেজনা সৃষ্টি হয়। জিসানের দাবি, একপর্যায়ে তার পাশে থাকা আর্জেন্টিনা সমর্থক মো. সাকিব নামে এক কিশোরকে ডেকে নিয়ে ধাক্কাধাক্কি শুরু করেন কয়েকজন ব্রাজিল সমর্থক। তিনি এগিয়ে গিয়ে পরিস্থিতি সামাল দেওয়ার চেষ্টা করেন। পরে খেলা শেষে বাড়ি ফেরার পথে রাজিব, রাব্বি, শাওনসহ কয়েকজন তার ওপর অতর্কিত হামলা চালায়। মারধরের একপর্যায়ে তাকে পাশের একটি খালে ফেলে দেওয়া হয়। জিসানের মা সালমা বেগম বলেন, আমার ছেলে খেলা দেখে বাড়ি ফিরছিল। বাড়ির কাছাকাছি পৌঁছালে কয়েকজন লাঠিসোটা নিয়ে তার ওপর হামলা চালায়। পরে স্থানীয়রা উদ্ধার করে হাসপাতালে ভর্তি করেন। স্থানীয় বাসিন্দা মো. রফিকুল ইসলাম জানান, খেলা চলাকালে মিশরের গোলের পর কয়েকজন ব্রাজিল সমর্থক উল্লাস করতে গিয়ে আর্জেন্টিনা সমর্থকদের সঙ্গে বাগবিতণ্ডা ও ধাক্কাধাক্কিতে জড়িয়ে পড়েন। পরে পরিস্থিতি শান্ত হলেও খেলা শেষে বাড়ি ফেরার পথে আবারও সংঘর্ষের ঘটনা ঘটে। তবে এতে গুরুতর কেউ আহত হয়নি বলে তিনি জানান। নেছারাবাদ থানার অফিসার ইনচার্জ (ওসি) বলেন, 'ঘটনার বিষয়ে শুনেছি। লিখিত অভিযোগ পেলে তদন্ত করে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা নেওয়া হবে।'

স্থায়ী বাঁধের অভাবে ২৫ বছরে বিলীন

সৈকতের শত শত ক্ষুদ্র ব্যবসায়ী। তাদের ভাষ্য, চলতি বছরেই তিন থেকে চার দফা সাগরের তাণ্ডবে সৈকতের বড় অংশ ক্ষতিগ্রস্ত হয়েছে। এতে ব্যবসা-বাণিজ্য মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হওয়ায় তারা হতাশ হয়ে পড়েছেন। প্রতি বর্ষা মৌসুমেই উত্তাল ঢেউয়ের আঘাতে সৈকতের দীর্ঘ এলাকা ভাঙনের কবলে পড়ে। সাম্প্রতিক ভাঙনে ট্যুরিজম পার্ক, নির্মাণাধীন সড়ক, জাতীয় উদ্যান ও অসংখ্য গাছপালা ক্ষতিগ্রস্ত হয়েছে। বর্তমানে ট্যুরিজম পার্ক, মসজিদ-মন্দির এবং বেড়িবাঁধের বাইরের সাগরসংলগ্ন বিভিন্ন স্থাপনা চরম ঝুঁকিতে রয়েছে। স্থানীয় ব্যবসায়ী সালাহ উদ্দিন বলেন, জোয়ারের সময় এখন পর্যটকরা সৈকতে হাঁটতেই পারেন না। সৈকত অনেকটা নদীর পাড়ের মতো হয়ে গেছে। ছাতা-বেঞ্চিতে বসে প্রাকৃতিক সৌন্দর্য উপভোগের সুযোগও নেই। পর্যটক আহসান উদ্দিন বলেন, জোয়ারের সময় গোসলে নামা অত্যন্ত বিপজ্জনক। ভাঙন এলাকায় ঘূর্ণিস্রোত তৈরি হয়। কংক্রিটের ভাঙা অংশে আহত হওয়ার ঝুঁকি থাকে। প্রাণহানির ঘটনাও ঘটেছে। সৈকত রক্ষায় দ্রুত স্থায়ী পদক্ষেপ নেওয়া প্রয়োজন। পানি উন্নয়ন বোর্ড (পাউবো) কলাপাড়া কার্যালয় সূত্রে জানা গেছে, ২০০৩ সাল থেকে কুয়াকাটা সৈকত রক্ষায় একাধিকবার উন্নয়ন প্রকল্পের প্রস্তাব মন্ত্রণালয়ে পাঠানো হয়েছে। ২০১৮ সালে সম্পূর্ণ সরকারি অর্থায়নে ২১২ কোটি টাকা ব্যয়ে শূন্য পয়েন্টের উভয় পাশে পাঁচ কিলোমিটার এলাকা সংরক্ষণের একটি প্রকল্প গ্রহণ করা হলেও তা বাস্তবায়নের মুখ দেখেনি। বর্তমানে সৈকতের শূন্য পয়েন্টের প্রায় ৩০০ মিটার এলাকায় জরুরি ভিত্তিতে স্থাপন করা জিও টিউব ও জিও ব্যাগই একমাত্র প্রতিরক্ষা ব্যবস্থা হিসেবে রয়েছে। তবে এসবের বালু বেরিয়ে গেছে, শ্যাওলা জমে পিচ্ছিল হয়ে পড়েছে। এতে প্রায়ই পর্যটক আহত হচ্ছেন। ট্যুরিস্ট পুলিশ জানিয়েছে, জোয়ারের সময় গোসলে নেমে এসব জিও ব্যাগ ও টিউবের ফাঁদে আটকে এ পর্যন্ত তিনজন পর্যটকের মৃত্যু হয়েছে। স্থানীয় বাসিন্দা, পর্যটক এবং বিনিয়োগকারীরা আশঙ্কা প্রকাশ করে বলেন, দ্রুত কার্যকর স্থায়ী প্রতিরক্ষা ব্যবস্থা গ্রহণ না করলে কুয়াকাটার আরও বড় অংশ সাগরে বিলীন হবে। একই সঙ্গে বন্যা নিয়ন্ত্রণ বাঁধসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থাপনাও হুমকির মুখে পড়বে। পাউবো কলাপাড়ার নির্বাহী প্রকৌশলী মো. শাহ আলম বলেন, ২০২৩ সালে 'কুয়াকাটা সমুদ্র সৈকত রক্ষা ও উন্নয়ন' নামে একটি প্রকল্প গ্রহণের উদ্যোগ নেওয়া হয়েছে। ৭৫৯ কোটি ৫৬ লাখ ৭৯ হাজার টাকা ব্যয়ের প্রস্তাবিত এ প্রকল্পের আওতায় ভাঙনপ্রবণ প্রায় ১২ কিলোমিটার এলাকা সংরক্ষণের পরিকল্পনা রয়েছে। প্রকল্পে ৬৮টি গ্রোয়েন নির্মাণ, ট্যুরিজম পার্ক ও মসজিদ-মন্দির এলাকায় ৬০০ মিটার প্রতিরক্ষা কাজ এবং ২ দশমিক ৭ কিলোমিটার স্লিপিং ডিফেন্স নির্মাণের পরিকল্পনা রয়েছে। প্রকল্পটি বাস্তবায়িত হলে সৈকতের ভাঙন অনেকাংশে নিয়ন্ত্রণে আসবে বলে তিনি আশা প্রকাশ করেন। পাউবোর তথ্য অনুযায়ী, ৪৮ নম্বর পোল্ডারের ১৭ দশমিক ২৫০ কিলোমিটার থেকে ৩৭ দশমিক ২৫০ কিলোমিটার পর্যন্ত প্রায় ২০ কিলোমিটার এলাকাই কুয়াকাটা সমুদ্র সৈকতের অন্তর্ভুক্ত। এর মধ্যে গঙ্গামতি লেক থেকে আন্ধারমানিক নদীর মোহনা পর্যন্ত প্রায় সাড়ে ১০ কিলোমিটার এলাকা পর্যটকদের সবচেয়ে বেশি ব্যবহৃত হয়। এই অংশের মধ্যে প্রায় ৫ দশমিক ১ কিলোমিটার এলাকা তীব্র ভাঙনের শিকার এবং এর প্রায় আড়াই কিলোমিটার বর্তমানে অত্যন্ত ঝুঁকিপূর্ণ। ২০২৩ সালে জরুরি ভিত্তিতে প্রায় দুই কিলোমিটার এলাকায় জিও টেক্সটাইল ব্যাগ ও জিও টিউব স্থাপন করা হয়। কুয়াকাটা হোটেল-মোটেল ওনার্স অ্যাসোসিয়েশনের সভাপতি মোতালেব শরীফ বলেন, কুয়াকাটার সবচেয়ে বড় সমস্যা এখন সৈকতের স্থায়ী সুরক্ষা নিশ্চিত করা। এরপর প্রয়োজন মেরিন ড্রাইভ নির্মাণ। সাগরভাঙন রোধে দ্রুত স্থায়ী পরিকল্পনা বাস্তবায়ন না হলে পর্যটন শিল্প বড় ধরনের ক্ষতির মুখে পড়বে। কুয়াকাটা বিচ ম্যানেজমেন্ট কমিটির সদস্য সচিব ও কলাপাড়ার সদ্য বিদায়ী উপজেলা নির্বাহী কর্মকর্তা কাউছার হামিদ বলেন, সৈকত রক্ষায় স্থায়ী ও কার্যকর ব্যবস্থা নিতে পানি উন্নয়ন বোর্ডকে তাগিদ দেওয়া হয়েছে। দ্রুত উদ্যোগ গ্রহণ না করলে দেশের অন্যতম পর্যটন কেন্দ্র কুয়াকাটার অস্তিত্বই হুমকির মুখে পড়তে পারে।

চাঁদাবাজি-দখলবাজির অভিযোগে রাজাপুর

অভিযোগ তুলে মানববন্ধন ও বিক্ষোভ করেন এলাকাবাসী। মানববন্ধনে বক্তব্য দেন ভুক্তভোগী সামীম আকন, মোসা. ছবি আক্তার, সানজিদা, নাছরিন ও হান্নান আকন। মানববন্ধনে বক্তারা অভিযোগ করেন, মো. হেমায়েত উদ্দীন ও তার তিন ছেলে সজীব, বাবুল ও আলম এবং ছাত্রলীগ কর্মী কাইফ দীর্ঘদিন ধরে এলাকায় সন্ত্রাসী কর্মকাণ্ড, চাঁদাবাজি, মাদক ব্যবসা ও দখলবাজির সঙ্গে জড়িত। তারা দাবি করেন, কয়েক দিন আগে লেবুবুনিয়া বাজারে ডাবের ব্যবসা পরিচালনার জন্য সজীব দুই লাখ টাকা চাঁদা দাবি করেন। পরে ৬০ হাজার টাকা দেওয়া হলেও বাকি ১ লাখ ৪০ হাজার টাকার জন্য বিভিন্নভাবে চাপ প্রয়োগ করা হচ্ছে বলে অভিযোগ করেন তারা। বক্তারা আরও বলেন, এসব অনিয়ম ও অপরাধমূলক কর্মকাণ্ডের প্রতিবাদ করায় কয়েকজনকে মারধরের শিকার হতে হয়েছে। ভুক্তভোগীরা অভিযোগগুলোর নিরপেক্ষ তদন্ত করে জড়িতদের বিরুদ্ধে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য প্রশাসনের প্রতি আহ্বান জানান। স্থানীয়দের ভাষ্য, লেবুবুনিয়া বাজারে ছাত্রদল সভাপতি সজীবের বড় ভাই আলম ও শামিম আকন উভয়েই ডাব ব্যবসার সঙ্গে জড়িত। বাজারে ব্যবসার একক আধিপত্য প্রতিষ্ঠার উদ্দেশ্যে গত ৬ জুলাই আলম শামিম আকনের কেনা ডাব ছিনিয়ে নেন বলে অভিযোগ রয়েছে। পরে ডাব ফিরিয়ে আনতে গেলে দুই পক্ষের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটে। এতে উভয় পক্ষের অন্তত পাঁচজন আহত হন। তবে অভিযোগ অস্বীকার করে সাতুরিয়া ইউনিয়ন ছাত্রদলের সভাপতি সজীব বলেন, তিনি দীর্ঘদিন ধরে এলাকায় মাদকের বিরুদ্ধে অবস্থান নেওয়ায় তার ওপর হামলা হয়েছে। তার বিরুদ্ধে আনা চাঁদাবাজি, মাদক ব্যবসা ও দখলবাজির অভিযোগ সম্পূর্ণ মিথ্যা, ভিত্তিহীন ও উদ্দেশ্যপ্রণোদিত। এ বিষয়ে রাজাপুর থানার তদন্ত ওসি ফিরোজ কামাল জানান, এখন পর্যন্ত কেউ কোন লিখিত অভিযোগ দেয়নি। অভিযোগ পেলে তদন্ত সাপেক্ষে আইনি ব্যবস্থা গ্রহণ করা হবে।

দৈনিক
কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
বরিশাল ॥ বৃহস্পতিবার ॥ ০৯ জুলাই ২০২৬ ॥ ২৪ আষাঢ় ১৪৩৩

একাধিক বিস্ফোরণে কেঁপে উঠলো ইরানের বুশেহর

কীর্তনখোলা ডেস্ক
ইরানের দক্ষিণাঞ্চলীয় বুশেহর শহর ও আশপাশের এলাকায় একাধিক বিস্ফোরণের শব্দ শোনা গেছে। বুশেহর শহরে ইরানের পারমাণবিক স্থাপনা রয়েছে যা রাশিয়ার উদ্যোগে নির্মিত হয়েছে। বুধবার (৮ জুলাই) ভোরে হওয়া এসব ৩ এর পাতায় দেখুন

যুক্তরাষ্ট্রকে সহায়তা করলে যে কেউ ‘বৈধ লক্ষ্যবস্তু’: ইরান

কীর্তনখোলা ডেস্ক
যুক্তরাষ্ট্রের সামরিক বাহিনীকে যে কোনো ধরনের সহায়তা করার বিষয়ে কঠোর হুঁশিয়ারি দিয়েছে ইরান। দেশটির সামরিক বাহিনী জানিয়েছে, ইরানের সার্বভৌমত্বের বিরুদ্ধে মার্কিন আগ্রাসনে কেউ সহায়তা করলে তাকে ‘বৈধ লক্ষ্যবস্তু’ ৩ এর পাতায় দেখুন

মোস্তাফিজুর রহমান লিটুর নিঃশর্ত মুক্তি ও প্রতারকদের বিচারের দাবিতে নগরীতে মানববন্ধন-**কীর্তনখোলা**

চরফ্যাশনে ৩০ লাখের বিনিময়ে তিন কর্মচারীর গায়েবি নিয়োগ

চরফ্যাশন প্রতিনিধি
চরফ্যাশন উপজেলার আমিনাবাদ ইসলামিয়া দাখিল মাদ্রাসার সুপার মোঃ নূরনবী কর্তৃক ৩০ লক্ষ টাকার বিনিময়ে তিন কর্মচারীকে গায়েবীভাবে নিয়োগ ও এমপিও ভুক্তি করার অভিযোগ উঠেছে। মাদ্রাসার কমিটির সদস্যদের স্বাক্ষর জাল জালিয়াতি মহাপরিচালক মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর’র প্রতিনিধি’র স্বাক্ষর জালিয়াতি ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের স্বাক্ষর জাল জালিয়াতি করে মাদরাসার সুপার ৩ জন কর্মচারীর নিয়োগ ফাইল সৃজন করে। তাদেরকে মাদ্রাসা অধিদপ্তরের মাধ্যমে চলতি মাসের এমপিও-তে এমপিওভুক্তি করেন বলে মাদ্রাসার শিক্ষক কর্মচারী ও কমিটির সদস্যগণ অভিযোগ করেন। অভিযোগের ভিত্তিতে মাদরাসা অধিদপ্তরের ৩ এর পাতায় দেখুন

টানা বর্ষণে পানিবন্দী ভোলার হাজারও মানুষ

ভোলা প্রতিনিধি
টানা কয়েক দিনের ভারী বর্ষণে ভোলাজুড়ে দেখা দিয়েছে ভয়াবহ জলাবদ্ধতা। মঙ্গলবার (৭ জুলাই) সকাল থেকে অব্যাহত বৃষ্টিতে ভোলা সদর, মনপুরা, দৌলতখান, বোরহানউদ্দিন ও চরফ্যাশন উপজেলার বিস্তীর্ণ এলাকা পানিতে তলিয়ে গেছে। প্লাবিত হয়েছে সড়ক, বসতবাড়ি ও ফসলের মাঠ। ৩ এর পাতায় দেখুন

দশ বছরে তিন বাহিনীকে আধুনিকায়নে ৮৬ হাজার কোটি টাকার মহাপরিকল্পনা

কীর্তনখোলা ডেস্ক
দেশের সার্বভৌমত্ব, ভূখণ্ডগত অখণ্ডতা এবং জাতীয় নিরাপত্তা নিশ্চিত করতে বাংলাদেশ সশস্ত্র বাহিনীকে সম্পূর্ণ আধুনিক, প্রযুক্তিনির্ভর ও স্বাবলম্বী করে গড়ে তোলার এক বিশাল মহাপরিকল্পনা গ্রহণ করেছে সরকার। এই মহাপরিকল্পনার অংশ হিসেবে আগামী ১০ বছরে শুধু বাংলাদেশ সেনাবাহিনীর সক্ষমতা উন্নয়ন ও আধুনিকায়নেই প্রয়োজন হবে প্রায় ৮৬ হাজার কোটি টাকা। একই সঙ্গে বিদেশি নির্ভরতা কমিয়ে সম্পূর্ণ স্বনির্ভর ‘মেইড ইন বাংলাদেশ’ প্রতিরক্ষা শিল্প গড়ে তুলতে দেশে আলাদা ‘ডিফেন্স ইন্ডাস্ট্রিয়াল জোন’ স্থাপন এবং বগুড়ায় ড্রোন বা ইউএভি ম্যানুফ্যাকচারিং প্ল্যান্ট তৈরির মতো যুগান্তকারী উদ্যোগ নেওয়া হয়েছে। বুধবার (০৮ জুলাই) জাতীয় সংসদে স্পিকার হাফিজ উদ্দিন আহমদের সভাপতিত্বে প্রতিরক্ষা মন্ত্রণালয় ৩ এর পাতায় দেখুন

সাতদিনের প্রেমিককে ছাড়াতে গিয়ে ৮০ হাজার টাকা খোয়ালেন তরুণী

কীর্তনখোলা রিপোর্ট

হোয়াটসঅ্যাপে মাত্র সাত দিনের পরিচয়ে কথিত এক লন্ডন প্রবাসীর সঙ্গে প্রেমের সম্পর্ক গড়ে ওঠে বরিশালের এক তরুণীর। তবে এই প্রেম তার থেকে হাতিয়ে নিয়েছে ৮০ হাজার টাকা। লন্ডনপ্রবাসী পরিচয় দেওয়া ওই ব্যক্তি আসলে ছিলেন এক প্রতারক চক্রের সদস্য। চক্রটি অত্যন্ত কৌশলে লিমা নামে এ তরুণীর থেকে ৮০ হাজার টাকা খুইয়েছে। এ ঘটনায় প্রতারণার শিকার লিমা বরিশাল কোতোয়ালি মডেল থানায় একটি সাধারণ ডায়েরি (জিডি) করেছেন। জিডি সূত্রে জানা যায়, কথিত প্রেমিক ইমরান নামের ওই ব্যক্তি লিমাকে জানান, তিনি লন্ডন থেকে বাংলাদেশের উদ্দেশে রওনা হয়েছেন। তিনি হোয়াটসঅ্যাপে বিমানের টিকিটের ছবিও পাঠান। পাশাপাশি ৩ এর পাতায় দেখুন

ঝালকাঠিতে পানির নিচে আমনের বীজতলা, দুশ্চিন্তায় কৃষকরা

ঝালকাঠি প্রতিনিধি
টানা ছয় দিনের ভারি বৃষ্টি এবং জোয়ারের পানিতে ঝালকাঠির বিভিন্ন উপজেলার বিস্তীর্ণ নিম্নাঞ্চল প্লাবিত হয়েছে। সুগন্ধা ও বিষখালী নদীর পানি স্বাভাবিকের তুলনায় দেড় থেকে দুই ফুট পর্যন্ত বৃদ্ধি পাওয়ায় পানির নিচে তলিয়ে গেছে আমন ধানের বীজতলার বড় একটি অংশ। এতে ক্ষতির শঙ্কায় দুশ্চিন্তায় পড়েছেন জেলার কৃষকরা। জানা যায়, শুক্রবার (৩ জুলাই) থেকে শুরু হওয়া ৩ এর পাতায় দেখুন

চাঁদাবাজি-দখলবাজির অভিযোগে রাজাপুর ছাত্রদল সভাপতির বিরুদ্ধে মানববন্ধন

রাজাপুর প্রতিনিধি
ঝালকাঠির রাজাপুর উপজেলার সাতুরিয়া ইউনিয়নের লেবুবুনিয়া এলাকায় চাঁদাবাজি, মাদক ব্যবসা ও দখলবাজির অভিযোগে ছাত্রদল সভাপতি সজীবসহ তার ভাইদের বিরুদ্ধে মানববন্ধন ও ঝাড়ুমিছিল করেছেন স্থানীয় বাসিন্দারা। লেবুবুনিয়া বাজার-সংলগ্ন সাতুরিয়া ইউনিয়ন পরিষদের সামনে এ কর্মসূচির আয়োজন করা হয়। এ সময় ৪ নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি মো. হেমায়েত উদ্দীন, তার ছেলে সাতুরিয়া ইউনিয়ন ছাত্রদলের সভাপতি সজীবসহ পরিবারের কয়েক সদস্যের বিরুদ্ধে বিভিন্ন ৩ এর পাতায় দেখুন

জালে আটকা ১১ কেজির বাগাড়, বাজারে উৎসুক মানুষের ঢল

নেছারাবাদ প্রতিনিধি
পিরোজপুরের নেছারাবাদ উপজেলার বলদিয়া ইউনিয়নের বেলুয়া নদীতে এক জেলের জালে ধরা পড়েছে ১১ কেজি ওজনের একটি বিরল বাগাড় মাছ। মঙ্গলবার বিকেলে ইউনিয়নের উড়িবুনিয়া গ্রামের তালুকদারহাওলা এলাকায় জেলে পলাশ কুমার মণ্ডলের চাপা জালে মাছটি ধরা পড়ে। খবর ছড়িয়ে পড়লে নদীর তীর ও স্থানীয় বাজারে মাছটি একনজর দেখতে ভিড় করেন শত শত উৎসুক মানুষ। জেলে পলাশ কুমার মণ্ডল জানান, তিনি নিয়মিত বেলুয়া নদীতে চাপা জাল দিয়ে মাছ ধরেন। তবে বেশ কিছুদিন ধরে জালে তেমন মাছ মিলছিল না। বিকেলে মাছ ধরার সময় হঠাৎ জালে প্রবল নড়াচড়া অনুভব করেন। পরে জাল টেনে তুললে দেখতে পান বিশাল আকৃতির একটি বাগাড় মাছ আটকা ২ এর পাতায় দেখুন

কাউখালীতে ভরা মৌসুমে ইলিশের আকাল, হতাশ জেলেরা

কাউখালী প্রতিনিধি
পিরোজপুরের কাউখালীতে ভরা মৌসুমেও উপজেলার নদ-নদীতে কাঙ্ক্ষিত ইলিশের দেখা মিলছে না। কঁচা, সন্ধ্যা, গাবখান ও কালিগঙ্গা নদীতে দিন-রাত জাল ফেলেও অধিকাংশ জেলে খালি হাতে ফিরছেন। দু’একটি ইলিশ ধরা পড়লেও এর দাম সাধারণ ক্রেতাদের নাগালের বাইরে চলে গেছে। এতে একদিকে যেমন জেলেদের মধ্যে হতাশা বাড়ছে, অন্যদিকে বাজারে ইলিশের দামও অস্বাভাবিকভাবে বৃদ্ধি পেয়েছে। স্থানীয় বাজার ঘুরে দেখা গেছে, এক কেজির বেশি ওজনের ইলিশ প্রতি কেজি দুই হাজার ৬০০ টাকা ২ এর পাতায় দেখুন

লালমোহনে ৫ কোটি টাকার কারেন্ট জাল জব্দ করেছে কোস্ট গার্ড

লালমোহন প্রতিনিধ
ভোলার লালমোহনে প্রায় ৫ কোটি ৩ লক্ষ ৩৫ হাজার টাকা মূল্যের অবৈধ কারেন্ট জাল জব্দ করেছে কোস্ট গার্ড। বুধবার রাত ৩ টায় লালমোহন কোস্ট গার্ড আউটপোস্ট কর্তৃক গোপন সংবাদের ভিত্তিতে বিশেষ অভিযান পরিচালনা করে। অভিযানে উপজেলার বদরপুর ধুমকেতু আবাসন সংলগ্ন এলাকায় সন্দেহজনক ৩ টি গুদাম তল্লাশি করে প্রায় ৫ কোটি ৩ লাখ ৩৫ হাজার টাকা মূল্যের ১৪ লাখ ৩৮ হাজার ১৪২ মিটার নিষিদ্ধ কারেন্ট জাল জব্দ করা হয়। এসময় কোস্ট গার্ডের উপস্থিতি টের পেয়ে অবৈধ জাল ব্যবসায়ীরা পালিয়ে যাওয়ায় কাউকে আটক করা সম্ভব হয়নি।জব্দকৃত কারেন্ট জাল ভোলা জেলা মৎস্য কর্মকর্তার সমন্বয়ে বিনষ্ট করা হয়। বাংলাদেশ কোস্টগার্ড দক্ষিণ জোনের মিডিয়া কর্মকর্তালেঃ মোঃ সালমান বিন শওকত প্রেস রিলিজের মাধ্যমে এ তথ্য নিশ্চিত করেছেন। মৎস্যসম্পদ রক্ষায় কোস্ট গার্ড ভবিষ্যতেও এ ধরনের অভিযান অব্যাহত রাখবে।

মঠবাড়িয়ায় প্রবাসীর স্ত্রীর চাঁদাবাজি মামলায় যুবক গ্রেফতার

মঠবাড়িয়া প্রতিনিধি
পিরোজপুরের মঠবাড়িয়ায় চাঁদাবাজি মামলায় কেএম ইলিয়াস ওরফে সাদ্দার (২৬) নামে এক যুবককে গ্রেফতার করেছে থানা পুলিশ। দুই সন্তানের জননী এক প্রবাসীর স্ত্রীর দায়ের করা মামলায় বুধবার দুপুরে উপজেলার বড় মাছুয়া এলাকায় অভিযান চালিয়ে ইলিয়াসকে গ্রেফতার করে পুলিশ। গ্রেফতার ইলিয়াস উপজেলার ভেচকী গ্রামের সেলিম খানের পুত্র। মামলা সূত্রে জানা ৩ এর পাতায় দেখুন

টানা পাঁচ দিনের বৃষ্টিতে পটুয়াখালীতে জনজীবনে দুর্ভোগ

পটুয়াখালী প্রতিনিধি
সক্রিয় মৌসুমি বায়ুর প্রভাবে পটুয়াখালীতে টানা পাঁচ দিন ধরে বৃষ্টিপাত হচ্ছে। অব্যাহত বৃষ্টিতে জনজীবন বিপর্যস্ত হয়ে পড়েছে। সবচেয়ে বেশি দুর্ভোগে পড়েছেন দিনমজুর, শ্রমজীবী মানুষ এবং ছোট যানবাহনের চালকেরা। আবহাওয়া অফিস জানায়, মঙ্গলবার সকাল ৬টা থেকে বুধবার সকাল ৬টা পর্যন্ত জেলায় ৭০ দশমিক ২ মিলিমিটার বৃষ্টিপাত রেকর্ড করা হয়েছে। টানা ৩ এর পাতায় দেখুন

চরফ্যাশনে নকলের দায়ে ৪ পরিক্ষার্থী বহিস্কার

চরফ্যাশন প্রতিনিধি
চরফ্যাশন মাদ্রাসা কেন্দ্র চেয়ারম্যান বাজার আইডিয়াল কলেজে গতকাল বুধবার আলিম পরিক্ষা বাংলা দ্বিতীয় পত্র বিষয় পরীক্ষা কালে নকলের দায়ে ৪ পরিক্ষার্থীকে বহিস্কার করা হয়েছে। বহিস্কৃত পরিক্ষার্থীরা চরফ্যাশন আলিয়া মাদ্রাসা, ওমরপুর গাফুরিয়া ফাজিল মাদ্রাসা, চেয়ারম্যান বাজার আলিম মাদ্রাসা এবং দক্ষিণ আইচা রাব্বানিয়া আলিম মাদ্রাসার শিক্ষার্থী। তাদের রোল নম্বর ১৪৮৮৮৮, ১৪৯২৮০, ১৪৮৯৪৫ এবং ১৪৮৭৫৬। কেন্দ্র সচিব মাওঃ মুঃ নুরুল আমিন এসব তথ্য নিশ্চিত করে বলেন, উপজেলা নির্বাহী অফিসার রুমানা আফরোজ’র নির্দেশে এসব পরিক্ষার্থীদেরকে বহিস্কার করা হয়েছে।

স্থায়ী বাঁধের অভাবে ২৫ বছরে বিলীন আড়াই কিলোমিটার কুয়াকাটা সৈকত

কুয়াকাটা প্রতিনিধি
সাগরের উত্তাল ঢেউয়ের লাগাতার আঘাতে ভয়াবহ ভাঙনের মুখে পড়েছে দেশের অন্যতম পর্যটন কেন্দ্র পটুয়াখালীর কুয়াকাটা সমুদ্র সৈকত। গত ২৫ বছরে অন্তত আড়াই কিলোমিটার দীর্ঘ বেলাভূমি সাগরগর্ভে বিলীন হয়েছে। হারিয়ে গেছে প্রাকৃতিক সৌন্দর্যমণ্ডিত একাধিক স্পট, ২০০ একর আয়তনের নারকেল বাগানের প্রায় ৯৯ শতাংশ এবং বিভিন্ন স্থাপনা। তবে দীর্ঘদিন ধরে পরিকল্পনা ও প্রকল্পের আলোচনা হলেও এখন পর্যন্ত সৈকত রক্ষায় কোনো স্থায়ী প্রতিরক্ষা ব্যবস্থা বাস্তবায়িত হয়নি। সৈকতের শূন্য পয়েন্টে আট বছর ধরে ডাব বিক্রি করা স্বপন মিয়া বলেন, আর মনে হয় এখানে দোকান করা যাবে না। এ বছরই হয়তো আমার দোকান ঢেউয়ে ভেসে যাবে। একই ধরনের শঙ্কা প্রকাশ করেছেন ৩ এর পাতায় দেখুন

আর্জেন্টিনা-মিশর ম্যাচ ঘিরে শিক্ষার্থীকে মারধর

নেছারাবাদ প্রতিনিধি
পিরোজপুরের নেছারাবাদে আর্জেন্টিনা ও মিশরের ফুটবল ম্যাচকে কেন্দ্র করে দুই দলের সমর্থকদের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটেছে। এতে মো. জিসান নামে দশম শ্রেণির এক শিক্ষার্থী আহত হয়েছেন। বর্তমানে তিনি নেছারাবাদ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন রয়েছেন। মঙ্গলবার (০৭ জুলাই) রাতে উপজেলার আরামকাঠি ইউনিয়নের শান্তিরহাট বাজার এলাকায় এ ঘটনা ঘটে। আহত জিসানের অভিযোগ, মঙ্গলবার রাতে শান্তিরহাট বাজারে সুমনের সেলুনের সামনে কয়েকজন বন্ধু মিলে আর্জেন্টিনা ও মিশরের ম্যাচ উপভোগ করছিলেন। খেলার শুরুতে মিশর ২ গোল করলে সেখানে থাকা কয়েকজন ব্রাজিল সমর্থক তাদের উদ্দেশ্যে বিদ্রুপ করেন। সমতায় ফেরার পর ৩ এর পাতায় দেখুন

বিশ্বকাপের মধ্যেই আর্জেন্টিনা ফুটবল অ্যাসোসিয়েশনের বিরুদ্ধে তদন্তে নামল এফবিআই

কীর্তনখোলা ডেস্ক
বিশ্বকাপের উত্তেজনার মধ্যেই নতুন বিতর্কে জড়িয়েছে আর্জেন্টিনা ফুটবল অ্যাসোসিয়েশন (এএফএ)। যুক্তরাষ্ট্রে সংস্থাটির আর্থিক লেনদেন, স্পন্সরশিপ আয় এবং বাণিজ্যিক কার্যক্রমকে কেন্দ্র করে প্রাথমিক তদন্ত শুরু করেছে দেশটির কেন্দ্রীয় তদন্ত সংস্থা এফবিআই ও বিচার বিভাগ। তদন্তে অর্থ পাচার, ওয়্যার জালিয়াতি এবং সম্ভাব্য কর ফাঁকির অভিযোগ খতিয়ে দেখা হচ্ছে বলে জানিয়েছে আর্জেন্টিনার সংবাদমাধ্যম লা নাসিওন। প্রতিবেদন অনুযায়ী, ওয়াশিংটন ডিসি ও মায়ামির ফেডারেল প্রসিকিউটররা তদন্তে অংশ নিয়েছেন। তারা খতিয়ে দেখছেন, এএফএর আন্তর্জাতিক বাণিজ্যিক ও স্পন্সরশিপ চুক্তি থেকে আসা শত শত মিলিয়ন মার্কিন ডলার কীভাবে যুক্তরাষ্ট্রের আর্থিক ব্যবস্থার মাধ্যমে স্থানান্তর হয়েছে এবং এসব লেনদেনে যুক্তরাষ্ট্রের আইন লঙ্ঘনের কোনো ঘটনা ঘটেছে কি না। এফবিআইয়ের এ তদন্তের কেন্দ্রে রয়েছে যুক্তরাষ্ট্রের ফ্লোরিডাভিত্তিক ট্যুরপ্রডএন্টার ৩ এর পাতায় দেখুন

নদীভাঙনে ঝুঁকিতে স্কুল ও সড়ক দুর্ভোগে হাজারো মানুষ

পিরোজপুর প্রতিনিধি
পিরোজপুরের নাজিরপুর উপজেলার গাওখালী স্কুল অ্যান্ড কলেজের পশ্চিম পাশ দিয়ে যাওয়া গুরুত্বপূর্ণ সড়কটি নদীভাঙনের কারণে ঝুঁকিপূর্ণ হয়ে পড়েছে। সামান্য বৃষ্টিতেই সড়কটি কাদাময় ও পিচ্ছিল হয়ে যায়। ভাঙনে সড়কের একাংশ বিলীন হওয়ায় প্রতিদিন জীবনের ঝুঁকি নিয়ে চলাচল করছেন শিক্ষার্থী, শিক্ষক, ব্যবসায়ী ও স্থানীয় বাসিন্দারা। সম্প্রতি সরেজমিনে দেখা যায়, সড়কের এক পাশে নদী, অন্য পাশে গাওখালী স্কুল অ্যান্ড কলেজের সীমানাপ্রাচীর। নদীভাঙনের কারণে সড়কটির প্রশস্ততা অনেক কমে গেছে। কয়েকটি স্থানে সামান্য অসাবধান হলেই নদীতে পড়ে যাওয়ার আশঙ্কা রয়েছে। এতে যানবাহন চলাচল যেমন ব্যাহত ৩ এর পাতায় দেখুন

মাদকাসক্তি ও মানসিক
রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে
দি নিউ লাইফ
মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড
যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।
০১৭১৩-৯৫০৯৪১
০১৭১৩-১৬৯৮২৮

অধ্যাপক ডাঃ সৈয়দ জাহিদ হোসেন
এম.বি.বি.এস; এফ.সি.পি.এস. ফেলো ডব্লিউ. এইচ.ও (অস্ট্রেলিয়া)
অধ্যক্ষ ও অধ্যাপক (বিভাগীয় প্রধান), শিশু বিভাগ (এক্স)
শের-ই-বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশাল।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
চেম্বার: এ্যাপোলো ডায়াগনস্টিক কমপ্লেক্স, শের-ই-বাংলা মেডিকেল কলেজ এর সামনে বাঁধ রোড, বরিশাল।
রোগী দেখার সময়: প্রতিদিন সকাল ১০টা থেকে দুপুর ২টা
সিরিয়ালের জন্য: ০১৭১৪-০৬৭৮৮৬, ০১৭০৬-৩৫৪৯৭৫
চেম্বার: মেডিনোভা মেডিকেল সার্ভিসেস লিঃ কে.বি হেমায়েত উদ্দিন রোড (গির্জামহল্লা), বরিশাল।
রোগী দেখার সময়: প্রতিদিন বিকাল ৪টা থেকে রাত ১০টা
সিরিয়ালের জন্য: ০১৭৫২-১৩৪৪৩৮, ০১৭১১-২৪০৯৬৯
বাসা: বসুন্ধরা হাউজিং, রূপাতলী, বরিশাল

বিসমিল্লাহির রাহমানির রাহিম

কম্পিউটারের সবকিছুই আপনার নাগালে
ঈশিতা কম্পিউটার
All Kinds Of Computer Solution, Accessories Selling, Training & Digital Photography
উপজেলা রোড, আগৈলঝাড়া, বরিশাল। মোবাইল: ০১৭১৫২১৩৫৪৬

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com